



# ড্যাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৬ তম বছর

www.jagaran.com

JAGARAN ■ 28 August, 2020 ■ আগরতলা, ২৮ আগস্ট, ২০২০ ইং ■ ১১ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ, গুজুবাদ ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder: J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## করোনা : রাজ্যে সর্বোচ্চ রেকর্ড একদিনে আক্রান্ত ৫০৯ জন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ আগস্ট। করোনা আক্রান্ত আরও চারজন মৃত্যু হয়েছে। তাতে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৮৯। প্রতিদিন করোনায় আক্রান্তের মৃতের ঘটনায় আতঙ্ক ক্রমশ বাড়ছে। এদিকে, বৃহস্পতিবার রাজ্যে নতুন করে ৫০৯ জনের মধ্যে করোনার সংক্রমণ মিলেছে। ৪৪৯৯ টি নমুনা পরীক্ষায় ওই করোনায় আক্রান্তদের সন্ধান মিলেছে।

এটিজেনে ৩২২১টি নমুনা পরীক্ষায় ৩৭২ জনের কোভিড-১৯ রিপোর্ট পজেটিভ এসেছে। এদিকে, ১২৭৮টি আরটিপিসিআর পরীক্ষায় ১৩৫ জনের কোভিড-১৯ রিপোর্ট পজেটিভ এসেছে। এদিকে, জেলা ভিত্তিক আক্রান্তের হিসেবে উনকোটিতে ৪৭ জন, উত্তর ত্রিপুরায় ৩০ জন, ধলাইতে ৬৩ জন, খোয়াইতে ৪৪ জন, পশ্চিম ত্রিপুরায় ২০৫ জন, সিপাহীজলায় ৫৫ জন, দক্ষিণ ত্রিপুরা ২৪ জন এবং গোমতী জেলায় ৪১ জন কোভিড-১৯ পজেটিভ রয়েছে।

ত্রিপুরায় ফের রেকর্ড সংক্রমণ হয়েছে করোনায়। গতকাল ৩৮৫ জনের মধ্যে করোনার সংক্রমণ মিলেছে। তাতে এখন পর্যন্ত মোট ৯৯২৪ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

সম্প্রতি ত্রিপুরায় সংক্রমণের তুলনায় সুস্থতার হারে নিম্নগামী প্রবণতায় দেখা যাচ্ছে। স্বাভাবিকভাবেই বিষয়টি উদ্বেগের বলে মনে নিয়েছেন খোদ চিকিৎসকরা। ২৪ ঘণ্টায় ৩৮৫ জনের করোনায় ভাইরাসে আক্রান্তের ঘটনাকে কোনওভাবেই খাটো করে দেখার সুযোগ নেই। এদিকে ২৪ ঘণ্টায় আরও দুই করোনায় আক্রান্তের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৮৯।

দক্ষিণ ত্রিপুরা জেলায় ৬৩৬ জন এবং উনকোটি জেলায় সবচেয়ে কম ৪৭৪ জন করোনায় ভাইরাসে আক্রান্ত হয়েছে।

### মৃত্যু চার

স্বাস্থ্য দফতরের জারিকৃত মিজিআ বুলেটিনে দেখা যাচ্ছে, এখন পর্যন্ত ৭০,১৩৫ জন করোনায় আক্রান্ত সন্দেহে নজরদারিতে ছিলেন। তাদের মধ্যে ১৪ দিন সময়সীমা অতিক্রম করেছেন ৬৬, ৪২২ জন। বর্তমানে গৃহে একান্তবাসে রয়েছেন ৩০৯৩ জন এবং প্রাতিষ্ঠানিক একান্তবাসে রয়েছেন ৩২০ জন। এদিকে, ত্রিপুরায় ৬৬ এর পাতায় দেখুন

### দেশকে শক্তিশালী করতে প্রতিরক্ষায় আত্মনির্ভর হয়ে ওঠাটা একান্ত জরুরী : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৭ আগস্ট (হি. স.)। প্রতিরক্ষার সংক্রান্ত সামরিক উৎপাদনের ক্ষেত্রে আত্মনির্ভরতার ওপর গুরুত্ব দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার সামরিক উৎপাদনে আত্মনির্ভর ভারত শীর্ষক ওয়েবিনারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, স্বাধীনতার পর ভারতের প্রতিরক্ষা শিল্পে বিশেষ গুরুত্ব দেওয়া হয়নি।

### করোনার স্বাস্থ্যবিধি অমান্য প্রাক্তন মুখ্যমন্ত্রী সহ সিপিএমের একাধিক শীর্ষ নেতার বিরুদ্ধে মামলা নিয়েছে পুলিশ

আগরতলা, ২৭ আগস্ট (হি. স.)। করোনা-প্রকোপের মধ্যে সমস্ত আইন ভেঙে সভা করার দায়ে ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিরোধী দলনেতা মানিক সরকার সহ বেশ কয়েকজন শীর্ষ স্থানীয় সিপিএম নেতার বিরুদ্ধে পুলিশ মামলা নিয়েছে। এ নিয়ে বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় মামলা রুজু হয়েছে।

## তিন দিনের শিশুমৃত্যু, থানায় এফআইআর ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দাবি দম্পতির

আগরতলা, ২৭ আগস্ট (হি. স.)। করোনায় পরীক্ষায় নমুনা সংগ্রহে আঘাত পেয়ে তিন দিন বয়সি শিশু মৃত্যুর অভিযোগের দুই সপ্তাহ অতিক্রান্ত হওয়ার পর মৃতের পরিবার বৃহস্পতিবার থানায় এফআইআর দাখল করেছে। চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীর বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে ওই পরিবার। শুধু তাই নয়, ত্রিপুরা সরকারের কাছে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণও দাবি করেছেন তারা।

আজ নিউ ক্যাপিটাল কমপ্লেক্স থানায় জিবি হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীর বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ এনে এফআইআর করেছেন। এজাহারে তিনি লিখেছেন, গত ১৩ আগস্ট তাঁর পুত্র সন্তানের করোনায় পরীক্ষায় নমুনা সংগ্রহে অসাবধানতাবসত তাকে আঘাত দিয়েছেন কর্তব্যরত স্বাস্থ্য কর্মী। তাতে তার নাক দিয়ে রক্ত বের হয় এবং কিছুক্ষণের মধ্যেই সন্তানের মৃত্যু হয়। তিনি সন্তানের মৃত্যুর জন্য চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীদের গাফিলতিকে দায়ী করে তাঁদের

দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। এদিকে, আজ তিনি স্বাস্থ্য দফতরের প্রধানসচিব, স্বাস্থ্য অধিকর্তা এবং জিবি হাসপাতালের মেডিক্যাল সুপারের কাছে লেখা চিঠিতে বিচার চেয়ে ক্ষতিপূরণ দাবি করেছেন। তিনি চিঠিতে লিখেছেন, চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীরই তার সন্তানের মৃত্যুর জন্য দায়ী। তাঁর দাবি, ১০ আগস্ট আমি সম্পূর্ণ সুস্থ পুত্র সন্তানের জন্ম দিয়েছিলাম। হাসপাতালের চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীরা আমার সন্তানের কোভিড টেস্ট জরুরি

বলে জানিয়েছিলেন। কিন্তু আমি আপত্তি করেছিলাম। আমার আপত্তি সত্ত্বেও সন্তানের করোনায় পরীক্ষা করা হয়। তাতে স্বাস্থ্য কর্মীদের গাফিলতিতে আমার সন্তান আঘাত পায় এবং তার মৃত্যু হয়। তাঁর আরও অভিযোগ, চিকিৎসা শেষে হাসপাতাল থেকে তাঁকে কোমল ও নথি দেওয়া হয়নি। তিনি সন্তানের মৃত্যুর জন্য হাসপাতালের বাইরের বিশেষজ্ঞকে দিয়ে তদন্তের দাবি জানিয়েছেন। সাথে তিনি সন্তানের মৃত্যুর ক্ষতিপূরণ বাবদ ১০ লক্ষ টাকা দাবি করেছেন।

### স্বামীকে খুন করে ঘরেই কবর দিয়ে থানায় আত্মসমর্পণ করল খুনী স্ত্রী

নিজস্ব প্রতিনিধি, গভাছড়া, ২৭ আগস্ট। স্বামীকে খুন করে মরদেহ মাটি চাপা দিল স্ত্রী। ঘটনাটি ঘটে বুধবার গভীর রাতে গভাছড়া থানার অধীন জগবন্ধু পাড়া বাজার সংলগ্ন উল্টাছড়া এডিসি ডিবেজের ভক্তিকুমার পাড়ায়। মৃত ব্যক্তির নাম সঞ্জিত রিয়াং(৩০)। ঘটনার বিবরণ জানা যায় বুধবার গভীর রাতে সঞ্জিতের স্ত্রী ভারতী ত্রিপুরা ওনার স্বামীকে দা দিয়ে মাথায় আঘাত করে খুন করে। পরে ঘরের মধ্যেগর্ত করে মরদেহমাটি চাপা দেয়। বৃহস্পতিবার সকালে মহিলা বাড়ি থেকে পালিয়ে গিয়ে রইসাবাড়ি থানায় নিজেই আত্মসমর্পণ করে খুনের ঘটনা স্বীকার করে। রইসাবাড়ি থানার পুলিশ সাথে সাথে গভাছড়া থানায় খবর দেয়।

### বিজেপির প্রদেশ সাধারণ সম্পাদক

করোনায় আক্রান্ত আগরতলা, ২৭ আগস্ট (হি. স.) : এবার করোনায় ভাইরাসে আক্রান্ত হলেন বিজেপির ত্রিপুরা প্রদেশ সাধারণ সম্পাদক তথা ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান টিঙ্গু রায়। বর্তমানে তিনি হাসপাতালে চিকিৎসাধীন। তিনি সুস্থ আছেন বলে জানিয়েছেন। সম্প্রতি তাঁর সম্পর্কে আসা সকলকে সতর্ক ও সাবধানে থাকার পরামর্শ দিয়েছেন টিঙ্গু।

### শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন, সম্ভাবনাময় জেলা হিসেবে ধলাইয়ের ভালো স্থান অর্জন

আগরতলা, ২৭ আগস্ট (হি. স.)। দেশের সম্ভাবনাময় ১২৪টি জেলার মধ্যে ত্রিপুরার ধলাই জেলা শিক্ষা ক্ষেত্রে যথেষ্ট ভালো স্থান অর্জন করেছে। ফলে, অতিরিক্ত ৩ কোটি টাকা প্রাপ্তির যোগ্য হয়েছে ওই জেলা। নীতি আয়োগের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিতাভ কান্ত ত্রিপুরার মুখ্যসচিবকে এক পত্রবর্তায় ওই খবর জানিয়েছেন। একই পত্র তিনি ধলাইয়ের জেলাশাসক এবং কেন্দ্রীয় প্রভারী আধিকারিককে পাঠিয়েছেন। এ-বিষয়ে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ বলেন,

সম্ভাবনাময় জেলা কর্মসূচির অন্তর্গত ধলাই জেলা কঠিন চ্যালেঞ্জ মোকাবিলায় যথেষ্ট ভালো স্থান অর্জন করেছে। তাই নীতি আয়োগ অতিরিক্ত অর্থ প্রদান করেছে। তিনি বলেন, নীতি আয়োগের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক কঠোর পরিশ্রমের মাধ্যমে সাফল্য অর্জনে ধলাই জেলার টিম-কে শুভেচ্ছা জানিয়েছেন। সাথে মুখ্যসচিবকে ধলাইয়ের জেলাশাসককে প্রশংসাপত্র জারি করতে সুপারিশ করেছেন। শিক্ষামন্ত্রী বলেন, নীতি ৬ এর পাতায় দেখুন

ভারতীয় কথা অনুসারে গভাছড়া থানার পুলিশ বৃহস্পতিবার সন্ধ্যা রাতে ঘরের মধ্যে মাটির নিচ থেকে মৃতদেহ উদ্ধার করে গভাছড়া মহকুমা হাসপাতালের মর্গে নিয়ে আসে। ৬ এর পাতায় দেখুন

## আনারসের পর রাজ্যের কাঁঠাল ও লেবুর জাতীয় ও আন্তর্জাতিক বাজার দখলের পরিকল্পনা কেন্দ্রের

আগরতলা, ২৭ আগস্ট (হি. স.)। ত্রিপুরার কুইন আনারসের সুখ্যাতি শুধু দেশে নয়, বিদেশেও ছড়িয়ে পড়েছে। এখন ত্রিপুরার বিখ্যাত কাঁঠাল ও লেবু সারা দেশে, এমন-কি বিদেশেও পৌঁছে দিতে চাইছে কেন্দ্রীয় সরকার। তাই নিরাম্যাক-কে আগামী সাতদিনের মধ্যে জাতীয় ও আন্তর্জাতিক বাজার দখলের পরিকল্পনা সংক্রান্ত প্রস্তাব দিতে বলেছে ডোনার মন্ত্রক।

এ-বিষয়ে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন সংক্রান্ত মন্ত্রকের (ডোনার) স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেনছেন, ভারতের কোভিড-১৯ পরবর্তী অর্থনীতিতে উত্তর-পূর্বাঞ্চলের কৃষিক্ষেত্র গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। নর্থ ইস্টার্ন রিজিওনাল অ্যাগ্রিকালচার মার্কেটিং কর্পোরেশন লিমিটেডের (নিরাম্যাক) আধিকারিক এবং কৃষক গোষ্ঠীর সঙ্গে আলোচনাকালে ড.

জিতেন্দ্র সিং বলেন, দেশের একাধিক বাণিজ্য প্রতিষ্ঠান উত্তর-পূর্বাঞ্চলের বিস্তৃত কৃষি ও খামারজাত সামগ্রী উৎপাদনের বিষয়ে উৎসাহী। এই সুযোগ হাতছাড়া করা যাবে না। তিনি বলেন, এই অঞ্চলে ফলের নির্বাস এবং রসের একাধিক শিল্প গঠনের লোভনীয় প্রস্তাব আসছে। এই প্রস্তাবগুলি দ্রুত রূপায়ণ করতে হবে ড. জিতেন্দ্র সিং নিরাম্যাক-কে লাভজনক প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। কোভিড পরবর্তীকালে এই অঞ্চলের অনন্য উৎপাদন, দেশের অন্যান্য অঞ্চলে বিক্রি করার ওপর বিশেষ জোর দিয়েছেন তিনি। আগামী এক সপ্তাহের মধ্যে এ বিষয়ে পরিকল্পনা করার পরামর্শ দিয়েছেন তিনি।

ড. সিং বলেন, এই গুরুত্বপূর্ণ সময়ে কৃষকদের পাশে দাঁড়ালে তা নিরাম্যাক, কৃষক গোষ্ঠী, উত্তর-পূর্বাঞ্চল ৬ এর পাতায় দেখুন

## শিল্প ও পর্যটন বিকাশে পরিকাঠামো উন্নয়নে গুরুত্বারোপ মুখ্যমন্ত্রীর

আগরতলা, ২৭ আগস্ট (হি. স.)। ত্রিপুরায় শিল্প ও পর্যটন শিল্পের বিকাশে পরিকাঠামোগত উন্নয়নে জোর দিয়েছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তাঁর কথায়, সরকার যোগাযোগ, শিল্প ও পর্যটনে রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। সেদিকে লক্ষ্য রেখেই পরিকাঠামোগত উন্নয়নে গুরুত্ব দিতে হবে। ত্রিপুরায় গড়ে তুলতে হবে অত্যাধুনিক সুবিধাসম্পন্ন হোটেল ও অন্যান্য ব্যবস্থা। ত্রিপুরা আরবান প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটিকেও সে ব্যাপারে লক্ষ্য রেখে পরিকল্পনা নিতে হবে, জোর দিয়ে বলেন তিনি।

তিনি আরবান প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (ইউডা) সভায় আজ বৃহস্পতিবার সচিবালয়ে সভায় অংশগ্রহণ করেছিলেন।

তিনি আরবান প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির সভায় অংশগ্রহণ করেছিলেন।

কমিশনার ডা. শৈলেশ কুমার যাদব বলেন, টুডা-র টাউনশিপ প্রকল্পে

করা হবে। ইতিমধ্যেই বিবেকানন্দ মার্কেট এলাকায় ও কুঞ্জবন ভগত সিং আবাস এলাকার ফ্ল্যাট নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।

ডা. যাদব আরও জানান, ধলেশ্বরের পুরাতন কেন্দ্রীয় সংশোধনগারের জয়গাতিতে টুডা নতুন একটি টাউনশিপ প্রকল্প হাতে নিয়েছে। সেখানে মোট ৪২০টি ফ্ল্যাট নির্মাণ করা হবে। নতুন এই টাউনশিপ প্রকল্পের জন্য বায় হবে ২৬৮ কোটি ৬৪ লক্ষ টাকা। আগামী সপ্তেম্বরের মধ্যে টেন্ডার প্রক্রিয়া ও ফ্ল্যাট বুকিংয়ের কাজ শুরু করার লক্ষ্যমাত্রা নিয়ে টুডা কাজ করছে বলে কমিশনার জানান। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, নতুন ৬ এর পাতায় দেখুন



### সিষ্টার

- দারুণ সাস্রয়
- অসীম গুণ
- স্বাস্থ্য সম্মত

নিশ্চিত্বের প্রতীক

## সিষ্টার

সর্বশ্রেষ্ঠ গুঁড়া মশলা

স্বাদে গুণমানে প্রতি ঘরে ঘরে









বৃহস্পতিবার ত্রিপুরা সড়ক পরিবহনের নতুন রুটের উদ্বোধন করেন মন্ত্রী প্রজিৎ সিং রায়। ছবি- নিজস্ব।

## এনসিসির জন্য মোবাইল অ্যাপ্লিকেশনের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন প্রতিরক্ষামন্ত্রী

নয়াদিল্লি, ২৭ আগস্ট (হি. স.): বৃহস্পতিবার প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং নেশানাল ক্যাডেট করপস এনসিসির প্রশিক্ষণের জন্য মোবাইল অ্যাপ্লিকেশনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। গোটা দেশজুড়ে এনসিসি ক্যাডেটদের এই অ্যাপ প্রশিক্ষণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করবে। করোনামহামারীর জেরে এনসিসির প্রশিক্ষণ এবং শিবিরগুলির আয়োজন করার ক্ষেত্রে অসুবিধা হচ্ছিল। এই মুহূর্তে পরিস্থিতি যা তাতে করে স্কুল এবং কলেজ খুলবে কিনা তা নিয়ে সন্দেহ রয়েছে। ফলে ক্যাডেটদের প্রশিক্ষণের যাতে কোনো রকমের বাধা না আসে সেই জন্য এই অ্যাপ্লিকেশনের আনুষ্ঠানিক সূচনা করা হল। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং অ্যাপ্লিকেশন উদ্বোধন অনুষ্ঠানে এনসিসি ক্যাডেটদের সঙ্গে কথাও বলেন। এই অ্যাপ্লিকেশনের উপকারিতা সম্পর্কে সকল ক্যাডেটদের অবগত করান তিনি। পাশাপাশি প্রতিরক্ষামন্ত্রীর পরামর্শের সুরে বলেন যে, আত্মশিক্ষা এবং সূচরু মনোবল নিয়ে গিয়ে চললে জীবনে সাফল্য পাওয়া যায়। করোনার বিরুদ্ধে ফ্রন্টলাইন ওয়ারিগরদের দেশজুড়ে সহায়তা করার জন্য এক লক্ষ এনসিসি ক্যাডেটের প্রার্থনা করেন রাজনাথ সিং।

এ প্রসঙ্গে প্রতিরক্ষা মন্ত্রী আরও জানিয়েছেন, একতা, শৃঙ্খলাপরায়ন, দেশকে সেবা করার ইচ্ছা এনসিসি থেকে পাওয়া যায়। ফলে এনসিসির বহু প্রাক্তন ক্যাডেট পরবর্তী সময়ে মহান ব্যক্তিত্ব পরিণত হয়েছেন। এদের মধ্যে রয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রয়াত তৈয়ার মার্শাল অর্জন সিং, শুটার অর্জুন ভাগবত, প্রয়াত প্রাক্তন বিদেশমন্ত্রী সুখমা স্বরাজ, প্রয়াত প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী মনোহর পারিকর।

## মার্কিন মূল্যে কৃষিজ হত্যার প্রতিবাদে সিনসিনাটির সেমিফাইনাল থেকে নাম প্রত্যাহার ওসাকার

নিউইয়র্ক, ২৭ আগস্ট (হি. স.): স্লয়েড ঘটনার পুনরাবৃত্তি মার্কিন মূল্যে। গত রবিবার রাতে যুক্তরাষ্ট্রের উইসকনসিন প্রদেশের কেনোশা শহরে জাকব ব্লেক নামে এক আফ্রো-আমেরিকান কৃষককে একাধিকবার গুলিবিদ্ধ করে পুলিশ। হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন ব্লেক। এই ঘটনার প্রতিবাদে সিনসিনাটির সেমিফাইনাল থেকে নিজের নাম প্রত্যাহার করে নিলেন জাপানের মহিলা তারকা প্লেয়ার নাওমি ওসাকা। টুইটারে জাপানের আর্থলিও ওসাকার লেখেন, ‘আমি আগে একজন কৃষক, তারপর একজন আর্থলিট।’ তিনি আরও লেখেন, ‘একজন কৃষক মহিলা হিসেবে আমি মনে করি আমার খেলা দেখার চেয়ে এই মুহূর্তে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ দেওয়ার আছে। আমার বলছি না যে আমি না খেলায় রাতারাতি সব বদলে যাবে। তবে আমার নাম প্রত্যাহারের ক্ষেত্রে মহলে যদি আলোচনা শুরু হয় তাহলে মনে করব আমার পদক্ষেপ সঠিক ছিল।’ ওসাকার নাম প্রত্যাহারের পর ডব্লিউএ বৃহস্পতিবার সিনসিনাটি ওপেনের সমস্ত খেলা বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করে। পাশাপাশি এমএলবি এবং এমএলএস-র ম্যাচও স্থগিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। জানা গিয়েছে, একটি গুলিতে জাকব ব্লেকের স্পাইনাল কর্ড এমনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে যে বেঁচে ফিরলেও আর হয়তো কখনও চলাফেরা করতে পারবেন না ব্লেক। ঘটনায় ফের প্রতিবাদের ঝড় উঠেছে মার্কিন মূল্যে।

## আসানসোলে ভুল ওষুধ দেওয়ায় প্রৌঢ়ের মৃত্যুর অভিযোগে ভাঙ্গচুর মেডিকেল স্টোর

আসানসোলে, ২৭ আগস্ট (হি. স.): পশ্চিম বর্মানামের আসানসোলার কল্যানেশ্বরী এলাকায় ভুল ওষুধ দেওয়ার অভিযোগে উঠল এক দোকানের বিরুদ্ধে। সেই ওষুধ খেয়ে এক প্রৌঢ়ের মৃত্যুও হয়েছে বলেও অভিযোগ। বৃহস্পতিবার সকালের এই ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়ে পড়ে। মৃত প্রৌঢ়ের নাম শঙ্কর নুনিয়া (৬০)। পরিবারের সম্পাদকের অভিযোগে, বৃহস্পতিবার সকালে পেট ব্যাথার জন্য কল্যানেশ্বরী একটি মেডিকেল স্টোর থেকে ওষুধ কিনে খাওয়ার ৫ মিনিটের মধ্যেই মৃত্যু হয় শঙ্কর নুনিয়ার। এই ঘটনার জেরে পরিবারের সদস্যরা ক্ষোভে ফেটে পড়েন। তারা ওই মেডিকেল স্টোরে ভাঙ্গচুর করেন। খবর পেয়ে আসানসোল দুর্গপুল পুলিশের কল্যানেশ্বরী ও চৌরঙ্গী ফাঁড়ির পুলিশ এলাকায় আসে। বেশ কিছুক্ষনের চেষ্টায় পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে পুলিশ মৃতদেহটি ময়নাতদন্তের জন্য আসানসোলে জেলা হাসপাতালে পাঠায়। এই ঘটনার জেরে আটক করা হয় ওই মেডিকেল স্টোরের মালিক প্রদীপ পণ্ডিত ও উমাশঙ্কর পণ্ডিতকে।

## তোলা চেয়ে মহেশ মঞ্জুরেকরকে হুমকি দুষ্কৃতীদের

নয়াদিল্লি, ২৭ আগস্ট (হি. স.): চলচ্চিত্র পরিচালক ও অভিনেতা মহেশ মঞ্জুরেকর থেকে ৩৫ লক্ষ টাকা তোলা আদায় চেয়ে হুমকি এসএমএস। মনে করা হচ্ছে কুখ্যাত অন্ধকার জগতের ডন আবু সালেমের অনুগামীরাই এই টাকা চেয়ে বসেছে। ইতিমধ্যেই দাদর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। দাদর থানার বরিশ্ত পুলিশ আধিকারিক দিবাকর শেলেকে জানিয়েছেন, বৃহস্পতিবার রাতে মহেশ মঞ্জুরেকরের মোবাইল ফোনে ৩৫ লক্ষ টাকা তোলা চেয়ে হুমকি মেসেজ আসে। আবু সালেমের নাম করে এই বার্তা এসেছে। বৃহস্পতিবার সকালে অভিযোগ দায়ের হবার পর তদন্ত শুরু করেছে পুলিশ। প্রাথমিক তদন্তের পর পুলিশের তরফে জানানো হয়েছে বিগত তিন দিন ধরেই এমন ধরনের হুমকি এসএমএস পাচ্ছিলেন মহেশ মঞ্জুরেকর। এই ঘটনার সঙ্গে যুক্ত রঞ্জাণির এক দকৃতীর নাম্বার ট্র্যাক করা হয়েছে। শীঘ্রই তাকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করা হবে।

## চিনকে চাপে রাখতে ভারতের ব্রহ্মস ক্ষেপণাস্ত্র কিনতে চায় ভিয়েতনাম

নয়াদিল্লি, ২৭ আগস্ট (হি. স.): চিন এবং পাকিস্তানকে যোগ্য জবাব দিতে ক্রমেই ভারত এবং ভিয়েতনামের মধ্যে বন্ধুত্ব আরো সুদৃঢ় হয়ে উঠেছে। দক্ষিণ চিন সাগরে বেজিংয়ের আগ্রাসন রোধ করার জন্য ভারত ও ভিয়েতনামের মধ্যে প্রতিরক্ষা সংক্রান্ত সম্পর্ক আরও শক্তিশালী হয়ে উঠেছে। এমন পরিস্থিতিতে ভিয়েতনাম ভারতের সবথেকে শক্তিশালী ক্ষেপণাস্ত্র ব্রহ্মস কিনতে চায়। উল্লেখ করা যেতে পারে এই ক্ষেপণাস্ত্রটিকে ভারত এবং রাশিয়া যৌথভাবে তৈরি করেছিল। ফলে রাশিয়ার অনুমতি ছাড়া অন্য কোন দেশকে এই ক্ষেপণাস্ত্র বিক্রি করতে পারবে না ভারত যদিও ভিয়েতনামের বিষয় রাশিয়া নিজের সম্মতি জানিয়েছে ফলে ব্রহ্মস ক্ষেপণাস্ত্র পাওয়ার ক্ষেত্রে ভিয়েতনামের আর কোন বাধা রইল না। ভিয়েতনামের হাতে এই ক্ষেপণাস্ত্র চলে এলে দক্ষিণ চিন সাগরে সমঝে চলতে হবে বেজিংকে। উন্নত শ্রেণীর ক্ষেপণাস্ত্র ব্রহ্মস ক্রম শ্রেণীর মধ্যে পড়ে। এই ক্ষেপণাস্ত্র তৈরির প্রজেক্টে রাশিয়ার অংশীদারী ৫০ শতাংশ। উল্লেখ করা যেতে পারে এই ক্ষেপণাস্ত্র কেনার দৌড়ে ভিয়েতনাম ছাড়াও রয়েছে ফিলিপিনস, মিশর, ওমানের মত দেশগুলি। ব্রহ্মস ছাড়াও ভারতে তৈরি আকাশ এয়ার ডিফেন্স মিসাইল সিস্টেম কিনতে চায় ভিয়েতনাম। চিনের বিরুদ্ধে নিজের সামরিক শক্তি আরও জোরদার করতে চায় সে। দুই দেশের মধ্যে এই সামরিক চুক্তি চূড়ান্ত আকার ধারণ করবে তবে চিন্তার ঝাঁজ বাড়বে চিনের কপালে।

## অগপের সাধারণ পরিষদের সভা সম্পন্ন, ফের দলের সভাপতি পদে অতুল বরা

গুয়াহাটি, ২৭ আগস্ট (হি. স.): ফের রাজ্যের আঞ্চলিক রাজনৈতিক দল অসম গণ পরিষদ (অগপ)-এর কেন্দ্রীয় সভাপতি নির্বাচিত হয়েছেন রাজ্যের কৃষি, পশুপালন দফতরের মন্ত্রী অতুল বরা। স্থানীয় আমবাড়িতে দলের সদর দফতরে আয়োজিত সাধারণ পরিষদের সভায় বৃহস্পতিবার সর্বসম্মতিক্রমে সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন অতুল বরা। বরার বিপক্ষে কোনও মনোনয়ন দাখিল হয়নি। পূর্ব নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী আগামী তিন বছর অগপের নেতৃত্ব অতুল বরার হাতে ফের চলে গেছে। আজকের সভায় কার্যনির্বাহী সভাপতি হিসেবেও পুনরায় নির্বাচিত হয়েছেন জলসম্পদমন্ত্রী কেশব মহন্ত। এছাড়া সাধারণ সম্পাদক পদে মনোজ শইকিয়া এবং সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পড়েছে সভাপতির কলিতার ওপর। প্রসঙ্গত আজ কোনও সভা থেকে বিরত থাকতে অগপের কেন্দ্রীয় সমিতিতে আদালত স্থগিতাশেষে জারি করেছিল। এর পরও সাধারণ পরিষদের সভা অনুষ্ঠিত হওয়ায় অতুল-বিরোধী গোষ্ঠী বেজায় আপত্তি তুলেছে। অতুল বরা গোষ্ঠীর বক্তব্য, তাঁরা আদালতের স্থগিতাদেশ সম্পর্কিত কোনও পত্র পাননি। অপর দিকে বিরোধী প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা দলের প্রতিষ্ঠাতা সভাপতি গোষ্ঠী আজকের সভাকে আদালত অবমাননার দায়ে অভিযুক্ত করেছে। এদিকে আজকের সাধারণ পরিষদের সভায় রহস্যজনকভাবে দলের প্রতিষ্ঠাতা সভাপতি তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল কুমার মহন্ত গরহাজির ছিলেন। তবে তাঁর শিবিরের দলীয় নেতা, বিধায়ক তথা প্রাক্তন শিক্ষামন্ত্রী বৃন্দাবন গোস্বামী উপস্থিত ছিলেন। অন্যদিকে আজকের সাধারণ পরিষদের সভায় তাঁকে আমন্ত্রণ জানানো হয়নি বলে জানিয়েছেন দলের বরিশ্ত নেতা প্রফুল্ল মহন্ত।

## উত্তর কামরূপের শংকরদেব শিশু নিকেতনের আচার্য-কর্মচারীদের কোভিড টেস্ট সম্পন্ন

গুয়াহাটি, ২৭ আগস্ট (হি. স.): অসমের উত্তর কামরূপের প্রথমসারির শিক্ষা প্রতিষ্ঠান উত্তর গুয়াহাটি শংকরদেব শিশু নিকেতন। প্রতিষ্ঠানটিতে শিক্ষার পরিবেশ আবার আগের মতো ফিরিয়ে আনতে বৃহস্পতিবার অতিমারি কোভিড টেস্ট করা হয়। উত্তর গুয়াহাটির অভয়াপুরে অবস্থিত এই প্রতিষ্ঠানের প্রাইমারি স্কুলের, আচার্য-আচার্যী সমেত কর্মচারীদের কোভিড টেস্ট করা হয়েছে। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানের গোটা চত্বর এবং আশপাশ এলাকা স্যানিটাইজও করা হয়েছে। প্রতিষ্ঠানের পরিচালন সমিতির অনুরোধে প্রধান আচার্য উৎপল তালুককারের নেতৃত্বে কোভিড টেস্টের জন্য সকলেই এগিয়ে এসেছেন। শিক্ষা প্রতিষ্ঠানটির পরিচালন সমিতির সম্পাদক মুকুটেশ্বর গোস্বামী জানিয়েছেন, নিকেতনের প্রত্যেক আচার্য-আচার্যীর কোভিড টেস্টের রিপোর্ট নেগেটিভ এসেছে। তবে পূলক দাস নামের চতুর্থ শ্রেণির এক কর্মচারীর শরীরে কোভিড পজিটিভ ধরা পড়েছে। তিনি সরকারের বৈধে দেওয়া যান্ত্রিক বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানটির শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার আশ্বাস দিয়েছেন। এই কাজে সকলকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য তিনি শিক্ষা প্রতিষ্ঠানটির শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার আশ্বাস দিয়েছেন। এই কাজে সকলকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য তিনি শিক্ষা প্রতিষ্ঠানটির সব কর্মচারী, আচার্য ও আচার্যীদের ধন্যবাদ জানিয়েছেন। এবার বিদ্যা নিকেতনের নবম এবং দশম শ্রেণির ছাত্রছাত্রীদেরও কোভিড টেস্ট করা হবে বলে জানিয়েছেন পরিচালন সমিতির সম্পাদক মুকুটেশ্বর গোস্বামী।

# শিলচর মেডিক্যাল কলেজে আরও চার করোনা আক্রান্তের মৃত্যু তাঁদের দুজন করিমগঞ্জের

গুয়াহাটি (অসম), ২৭ আগস্ট (হি.স.): বরাক উপত্যকায় পরিস্থিতি ক্রমশ জটিল আকার ধারণ করছে করোনা। করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা প্রতিনিয়ত বাড়ছে উপত্যকার তিন জেলাতেই। আজ বৃহস্পতিবার শিলচর মেডিক্যাল কলেজে আরও চারজনের মৃত্যু হয়েছে। এর মধ্যে দুজন কাছাড় জেলার এবং দুজন করিমগঞ্জ জেলার। তবে মৃতদের বাবতীয় রেকর্ড স্টেট ডেথ বোর্ডে পাঠানো হলেও এখনও জানানো হয়নি তাঁরা করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন কিনা। পরিস্থিতি সামাল দিতে গোটা বরাক উপত্যকায় আজ ভোর পাঁচটা থেকে আগামী ৪ সপ্টেম্বর মধ্যরাত পর্যন্ত লকডাউন শুরু হয়েছে। শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের মাইক্রোবায়োলজি বিভাগের স্যাম্পল টেস্টের সংখ্যা এখন পর্যন্ত ৮০ হাজার ছাড়িয়ে গেছে বলে জানানো হয়েছে। টেস্টের সংখ্যা বর্তমানে ৮১ হাজার ২৩১-এ দাঁড়িয়েছে। শিলচর মেডিক্যাল কলেজের উপাধ্যক্ষ ডা. ভাস্কর গুপ্ত সংবাদ মাধ্যমকে জানান, গত ২৪ ঘণ্টায় শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে ১৮৮ জনকে স্কান করা হয়েছে। এর মধ্যে পুরুষ ১০১ জন এবং মহিলা ৮৭ জন। আর স্যাম্পল কালেকশন করা হয়েছে ২০৯০ জনের। টেস্ট করা হয়েছে ১০১৭ জনের। ৩৯০০-টি পজিটিভ স্যাম্পল এসেছে এখন পর্যন্ত। গত ২৪ ঘণ্টায় টেস্ট পজিটিভ এসেছে ৮৬-টি।

অন্যদিকে শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল থেকে গত ২৪ ঘণ্টায় মধ্যে ডিসচার্জ করা হয়েছে ২৭ জনকে। এর মধ্যে ১৮ জন পুরুষ এবং ৯ মহিলা রয়েছেন। প্রথম বারের মতো সেই তুলনায় ভরতি হয়েছে কম। শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের উপাধ্যক্ষ ডা. ভাস্কর গুপ্ত জানান, গত ২৪ ঘণ্টায় ২২ জন ভরতি হয়েছে। যার মধ্যে ১৯ জন পুরুষ এবং ৩ জন মহিলা। এখানে উল্লেখ করা যেতে পারে, শুধুমাত্র উপসর্গ থাকা রোগীদের মেডিক্যাল কলেজে চিকিৎসা করা হয়, অন্যদের কোভিড কোয়ার সেন্টারে স্থানান্তরিত করা হয়। রোগীদের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে গিয়ে ডা. ভাস্কর গুপ্ত বলেন, মেডিক্যাল কলেজের আইসিইউ-এর যোগ্যোগ্য সর্বলোতে রোগী রয়েছেন। বর্তমানে ২ জন রোগীকে ভেন্টিলেশন সাপোর্টে রাখা হয়েছে। ১৯ জন রোগীর কেবিনও শূন্যরত। মেডিক্যাল কলেজের আইসিইউ-তে কোনও শয্যা এখন না থাকায় এর মধ্যে ৪ জনকে কোভিড ওয়ার্ডে রাখা হয়েছে। বর্তমানে শিলচর মেডিক্যাল কলেজের কোভিড ওয়ার্ডে রয়েছেন ২৮৮ জন রোগী এবং ২৯ জন রয়েছেন এমসিএইচ বিল্ডিং-এ। ১৪৮৭ জন কোভিড রোগীর ভরতি হয়েছেন মেডিক্যাল কলেজে। এর মধ্যে ১১৭৩ জনকে ছুটি হয়েছে।

## দাবি আদায়ে অনির্দিষ্টকালীন কর্মবিরতি এলপিজি ট্রান্সপোর্ট ইউনিয়নের, বরাকে রক্ষণ গ্যাস সিলিভার

সংকটের আশঙ্কা বড়খালা (অসম), ২৭ আগস্ট (হি.স.): নিজেদের ন্যায্য দাবি আদায়ের লক্ষে অনির্দিষ্টকালীন কর্মবিরতি আন্দোলনে বসলেন বরাক ভ্যালি প্যান্ট এলপিজি ট্রান্সপোর্ট ইউনিয়নের কর্মীরা। ফলে বর্তমান লকডাউনের সময় বরাক উপত্যকা ও ত্রিপুরায় দেখা দিতে পারে রক্ষণ গ্যাস সিলিভারের সংকট। এমন আশঙ্কায় দুশ্চিন্তা বাড়ছে উপত্যকার জনমনে।

নর্থ-ইস্ট এলপিজি ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশনের আহ্বানে বৃহস্পতিবার সকাল থেকে বড়খালা এলপিজি বটলিং প্লান্ট চত্বরে সংগঠনের কর্মকর্তারা গ্যাস সরবরাহকারী সব রকমের গাড়ি বন্ধ রাখার ডাব্বা দেন। ফলে প্লান্টের কাজ শুরু হয়ে পড়ে। সংস্থার সম্পাদক কক্ষন নারায়ণ শিকদার জানান, বড়খালা গ্যাস বটলিং প্লান্টে রক্ষণ গ্যাস সরবরাহকারী গাড়ি মালিকদের বিভিন্ন ধরনের প্লান্ট ম্যানেজারকে ৪৮ ঘণ্টার সময়সীমা বেঁধে দিয়ে স্মারকপত্র প্রদান করেছিলেন। কিন্তু তাতে কোনও রকমের সাড়া না পেয়ে বাধ্য হয়ে সংগঠন কর্মবিরতি আন্দোলন শুরু করেছে। তিনি বলেন, তাঁদের দাবিপূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাবেন কর্মচারীরা। গত মঙ্গলবার কর্মবিরতির বিষয়ে আগাম জানানো হয়েছিল। বরাক ভ্যালি প্যান্ট এলপিজি ট্রান্সপোর্ট ইউনিয়ন বেশকিছু ন্যায্য দাবি সংবলিত স্মারকপত্র প্লান্ট কর্তৃপক্ষ সহ জেলা প্রশাসনের কাছে প্রেরণ করেছিল ইউনিয়ন। তাঁদের দাবি পাঁচ বছর আগের টেন্ডার অনুযায়ী গ্যাস সিলিভার সরবরাহের কাজ করছেন তাঁরা। কিন্তু তাঁরা তাঁদের প্রাপ্য সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। বিশেষ করে গুয়াহাটি থেকে কলকাতায় স্থানান্তর হয় সব ধরনের অফিস। সিলিভারবাহী গাড়ি সরবরাহের মাগল বৃদ্ধি সহ টেন্ডারে কিছু নিয়ম পরিবর্তন করার প্রয়োজন থাকলেও সে সবের গুরুত্ব দেওয়া হচ্ছে না। ফলে এ মুহূর্তে মালিক পক্ষের ক্ষেত্রে গাড়ি চালানো প্রায় অসম্ভব হয়ে পড়েছে। এদিন কর্মবিরতি আন্দোলনে সংগঠনের পক্ষে উপস্থিত ছিলেন ইউনিয়নের সদস্য ইনতাজুর রহমান লস্কর, অনিল শেট্টি, সংগ্রাম রায়, স্বরাজ দাস, রাজেন সিং প্রমুখ।

# আজ থেকে নয়দিনের লকডাউন বরাক উপত্যকার তিন জেলায়, বিরূপ প্রতিক্রিয়া

করিমগঞ্জ (অসম), ২৭ আগস্ট (হি.স.): বরাক উপত্যকার তিন জেলা যথাক্রমে কাছাড়, করিমগঞ্জ এবং হাইলাকান্দিতে পুনরায় নয়দিনের লকডাউন জারি হয়েছে আজ ২৭ আগস্ট ভোর পাঁচটা থেকে। ফের লকডাউন জারি করায় গোটা উপত্যকার জনমনে তীব্র বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। সাধারণ জনতা জেলা প্রশাসনের এই সিদ্ধান্তকে কোনও অবস্থায় মেনে নিতে পারছেন না। এ নিয়ে শাসক ও বিরোধী দলের মধ্যেও জেলা প্রশাসনের সিদ্ধান্তে মতান্তর রয়েছে। শাসকদলের নেতারা মুখ ফুটে কিছু না বললেও, বিরোধী দলের নেতারা, বিশেষ করে কংগ্রেস এবং সিপিএম সরাসরি জেলা প্রশাসনের এই সিদ্ধান্তকে হটকরি বলে আখ্যা দিয়েছে। করিমগঞ্জ জেলা কংগ্রেস সভাপতি সতু রায় এবং সিপিআইএমের রাজ্য সম্পাদক মণ্ডলির অন্যতম সদস্য নির্মল দে অভিযোগ করে বলেন, করিমগঞ্জ জেলা সহ সমগ্র বরাক উপত্যকার ভেঙে পড়া স্বাস্থ্য পরিষেবার ব্যর্থতা চাকতেই রাজ্য সরকারের নির্দেশে বরাকের তিন জেলা প্রশাসন নয় দিনের লকডাউন ঘোষণা করেছে। বরাকের হাজার হাজার শ্রমজীবী মেহনতি মানুষের পরিবারের ওজনান কী ভাবে হবে, সে বিষয়ে তিন জেলা প্রশাসন কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করেছে কিনা জানতে চেষ্টা করে তাঁরা সরকারি কর্মচারী আক্রান্তের সংখ্যা দুই হাজার ছাড়িয়ে গিয়েছে। তাই করোনা ভাইরাসের শৃঙ্খল ভঙ্গ করতে বরাকের শিলচর ও হাইলাকান্দি জেলার সঙ্গে করিমগঞ্জ জেলায়ও বৃহস্পতিবার থেকে ৯ দিনের লকডাউন ঘোষণা করেছেন তিন জেলা ম্যাজিস্ট্রেট। বৃহস্পতিবার সকাল ৫ টা থেকে সমগ্র জেলার দোকানপাট, হাটবাজার বন্ধ রাখা নির্দেশ জারি করেছেন জেলা ম্যাজিস্ট্রেট আনবারমুখা এমপি। তবে ওষুধের দোকান ও সরকারি কার্যালয় যথারীতি খোলা থাকবে এই নয়দিন। ২০০৫ সালের বিপণ্য মোকারিলা আইনের ৩০(২) ধারা অনুসারে এই নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ৪ সপ্টেম্বর রাত বারোটো পর্যন্ত এই নির্দেশ বলাবল থাকবে বলে বিজ্ঞপ্তি জারি করেছেন তিন জেলা ম্যাজিস্ট্রেট। এই আশে অনান্য করলে ২০০৫ সালের বিপণ্য মোকারিলা আইনের ৫১-৬০ ধারা অনুসারে এবং ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ১৮৮ ধারায় কড়া ব্যবস্থা নেওয়া হবে বলেও জেলা ম্যাজিস্ট্রেট সতর্ক করে দিয়েছেন। সমগ্র জেলায় এই নির্দেশ কার্যকর করতে ২০০৫ ও মঙ্গলবার জেলা প্রশাসনের পক্ষ থেকে জোরদার প্রচার অভিযানও চালানো হয়েছে।

## করিমগঞ্জের চামেলায় বিলেতি মদের দোকান, জিপি সভাপতির এনওসি, প্রতিবাদের ঝড়, আপত্তি জানিয়ে মন্ত্রী-ডিসিকে স্মারকপত্র

রামকৃষ্ণনগর (অসম), ২৭ আগস্ট (হি.স.): করিমগঞ্জ জেলার রামকৃষ্ণনগর থানার অধীন গ্রামীণ এলাকা চামেলাবাজারে বিলেতি মদের দোকান খুলতে তৎপর হয়ে উঠছেন জনৈক ব্যক্তি। হাছাকু মন্দির কমিটি, অগ্রণী সংস্থা, জামে মসজিদ কমিটি, এলপি, এমই স্কুল কমিটি সহ সচেতন নাগরিকরা তড়িঘড়ি এক সভায় মিলিত হন। এলাকার অশুভশক্তির বিরুদ্ধে রুখে দাঁড়ান সকলেই। মদের দোকানের লাইসেন্স না দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও জেলা প্রশাসনের হস্তক্ষেপ কামনা করে সর্বসম্মতিক্রমে বেশকিছু প্রস্তাব গ্রহণ করা হয়। আজ বৃহস্পতিবার এ ব্যাপারে বিহিত ব্যবস্থা নিতে অসমের আর্থগারি দফতরের মন্ত্রী পরিমল গুরুবোদা, রামকৃষ্ণনগরের সার্কুল অফিসার সপ্ততী এন্দা, থানা কর্তৃপক্ষ, করিমগঞ্জের জেলাশাসক, আর্থগারি বিভাগের সুপারিনটেন্ডেন্ট এবং পুলিশ সুপারের কাছে পৃথক পৃথক স্মারকপত্র প্রদান করেছেন এলাকার সচেতন জনতা। তাঁদের সাফ কথা, মদের দোকান খুলিয়ে চামেলাবাজারের শান্তিপ্রিয় জনগণের বাসভূমি হিসেবে সুপরিচিত চামেলাবাজার এলাকা। চামেলাবাজারের সূর্য পরিবেশের বাতাবণ বিনষ্ট হতে দেওয়া হবে না। চামেলাবাজারের জনৈক সুবীর দাসের স্ত্রী শেলি দাসের নামে মদের দোকান খোলার অভিযোগের স্মারকপত্র প্রত্যক্ষ মদত দিতে গিয়ে জিপি সভানেত্রী অনিমা রায় স্থানীয় জনগণের সঙ্গে কোনও রকমের যোগাযোগ না করেই রহস্যজনকভাবে অনাপত্তি শংসাপত্র বা এনওসি প্রদান করায় বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে সমগ্র অঞ্চলে। এলাকার ছাত্রছাত্রী তথা নবপ্রজন্মের ভবিষ্যতের

তুলেছেন জেলা কংগ্রেস সভাপতি সতু রায়। করিমগঞ্জ জেলার করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসার একমাত্র ভরসা স্থল করিমগঞ্জ কোভিড-১৯ হাসপাতাল। এই রোগের চিকিৎসার উপযুক্ত কোনও ব্যবস্থা নেই করিমগঞ্জের কোভিড হাসপাতালে। সতুবাবু আরও অভিযোগ করে বলেন, করিমগঞ্জ সামরিক হাসপাতালের একটি ভবনে কোভিড-১৯ হাসপাতালের বোর্ড লাগিয়েই স্বাস্থ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা তাঁর দায়িত্ব সম্পন্ন করেছেন। কিন্তু পূর্ণাঙ্গ কোভিড-১৯ হাসপাতালের কোনও পরিকাঠামো গড়ে তোলা হয়নি। স্বাস্থ্যমন্ত্রী কথা দিয়েছিলেন, করিমগঞ্জ কোভিড-১৯ হাসপাতালে আইসিইউ, ভেন্টিলেশন, অক্সিজেন সহ আনুষঙ্গিক ব্যবস্থা করা হবে। কিন্তু স্বাস্থ্যমন্ত্রীর কথায় ও কাজে যে কোনও মিল নেই তাঁর জলন্ত উদাহরণ করিমগঞ্জ কোভিড-১৯ হাসপাতাল। উল্লেখ্য করিমগঞ্জ জেলায় ইতিমধ্যেই করোনা আক্রান্তের সংখ্যা দুই হাজার ছাড়িয়ে গিয়েছে। তাই করোনা ভাইরাসের শৃঙ্খল ভঙ্গ করতে বরাকের শিলচর ও হাইলাকান্দি জেলার সঙ্গে করিমগঞ্জ জেলায়ও বৃহস্পতিবার থেকে ৯ দিনের লকডাউন ঘোষণা করেছেন তিন জেলা ম্যাজিস্ট্রেট। বৃহস্পতিবার সকাল ৫ টা থেকে সমগ্র জেলার দোকানপাট, হাটবাজার বন্ধ রাখা নির্দেশ জারি করেছেন জেলা ম্যাজিস্ট্রেট আনবারমুখা এমপি। তবে ওষুধের দোকান ও সরকারি কার্যালয় যথারীতি খোলা থাকবে এই নয়দিন। ২০০৫ সালের বিপণ্য মোকারিলা আইনের ৩০(২) ধারা অনুসারে এই নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ৪ সপ্টেম্বর রাত বারোটো পর্যন্ত এই নির্দেশ বলাবল থাকবে বলে বিজ্ঞপ্তি জারি করেছেন তিন জেলা ম্যাজিস্ট্রেট। এই আশে অনান্য করলে ২০০৫ সালের বিপণ্য মোকারিলা আইনের ৫১-৬০ ধারা অনুসারে এবং ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ১৮৮ ধারায় কড়া ব্যবস্থা নেওয়া হবে বলেও জেলা ম্যাজিস্ট্রেট সতর্ক করে দিয়েছেন। সমগ্র জেলায় এই নির্দেশ কার্যকর করতে ২০০৫ ও মঙ্গলবার জেলা প্রশাসনের পক্ষ থেকে জোরদার প্রচার অভিযানও চালানো হয়েছে।



# আবারও খেলতে পারা বড় উপহার: মেসি কোহলিদের জিম্বাবুয়ে সফরও বাতিল

## আবারও খেলতে পারা বড় উপহার: মেসি

আবার মাঠে ফিরতে তর সইছে না লিওনেল মেসির। লম্বা সময় খেলার বাইরে থাকার পর বার্সেলোনা তারকার উপলব্ধি, আবারও খেলতে পারাটা তাদের জন্য বড় উপহার। করোনাভাইরাসের প্রাদুর্ভাব তিন মাসের বিরতির পর অনেক নিয়মের ঘেরাটোপে বৃহস্পতিবার মাঠে ফিরেছে লা লিগা। বাকি সব ম্যাচই হবে দর্শকশূন্য স্টেডিয়ামে। শনিবার নিজেদের প্রথম ম্যাচে রিয়াল মাদ্রিদকে হারিয়ে বার্সেলোনা। এর আগে খেলার সামগ্রী প্রস্তুতকারক প্রতিষ্ঠান আডিডাসের এক ভিডিওতে বার্সেলোনা অধিনায়ক জানান, আবার খেলার সুযোগ পেয়ে তিনি খুশি। 'খেলা থেকে দূরে থাকটা আমার মধ্যে এই ভাবনার জন্ম দিয়েছে। অন্য যে কোনো খেলোয়াড়ের মতো আমিও



অনুভব করি। আমি কেবল খেলতে চাই। খেলতে পারা একটা বড় উপহার। অনেকের সমর্থন পাওয়া, এমনকি আরও বেশি কিছু।'' অন্যকে অনুপ্রাণিত করতে পারা এবং নিজে

অনুপ্রাণিত হওয়া এবং সম্ভবত সবচেয়ে সেরা উপহার অন্যদের আনন্দ দেওয়া। ফুটবল ফিরেছে, আমি আবার এর উপহারের জন্য প্রস্তুত।'' ২৭ রাউন্ড শেষে চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদকে

থেকে দুই পয়েন্ট এগিয়ে লা লিগার শীর্ষে আছে বার্সেলোনা। ২২ ম্যাচে ১৯ গোল করে এখন পর্যন্ত লিগের সর্বোচ্চ গোলদাতা মেসি। পাশাপাশি তিনি সতীর্থদের দিয়ে গোল করিয়েছেন ১২টি।

## কোহলিদের জিম্বাবুয়ে সফরও বাতিল

চূড়ান্ত সিদ্ধান্ত নিতে অপেক্ষা করা যেত আরও, তবে বুঝি নিতে চায়নি ভারত। করোনাভাইরাসের প্রকোপ ভাবনায় রেখে দুই মাস পরের জিম্বাবুয়ে সফর বাতিল করে দিয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড। বিসিআই ভারত-জিম্বাবুয়ের তিন ম্যাচের ওয়ানডে সিরিজটি শুরু হওয়ার কথা ছিল আগামী ২২ অগাস্ট থেকে। সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে শুক্রবার নিজেদের সিদ্ধান্তের কথা জানায় ভারতের বোর্ড। জিম্বাবুয়ে সফরের আগে জুনে শ্রীলঙ্কা সফরে যাওয়ার কথা ছিল ভারতের। শুরুতে আশা দেখলেও সূচি অনুযায়ী যে সিরিজটি হচ্ছে না, বৃহস্পতিবার সেরি সিরিজটি হতে পারে ওয়ানডে ও টি-টোয়েন্টির এই সিরিজ অগাস্টে খেলার পরিবর্তন করা হলেও সফর বাতিল করা হবে।



বিসিআই অগাস্টের শেষ দিকে দক্ষিণ আফ্রিকা সফরের প্রস্তাব দিয়েছিল ভারত। তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজটি বিসিআই নিশ্চিত না করলেও কোয়ারেন্টিনে না থাকার শর্তে

তেবে দেখার কথা বলেছিল তারা। তবে এই সিরিজের সম্ভাবনাও এখন সামান্য। ক্রিকেট বোর্ডের অনুশীলনে ফেরা নিয়ে একটি ধারণাও বিজ্ঞপ্তিতে দিয়েছে

বিসিআই। অনুশীলন ক্যাম্প নিয়ে পরিকল্পনা থাকলেও সম্পূর্ণ নিরাপদ পরিস্থিতির জন্য অপেক্ষায় আছে বোর্ড। কোনো ধরনের তাড়াহুড়া করতে চায় না তারা।

## লিগ ফেরার ম্যাচে বেতিসকে হারাল সেভিয়া

লম্বা সময়ের অপেক্ষার অবসান হলো। করোনাভাইরাসের প্রাদুর্ভাব হ্রাস পেয়েছে লা লিগা ফিরল দর্শকশূন্য মাঠে। নতুন শুরুতে রিয়াল বেতিসকে হারিয়ে শুভসূচনা করল সেভিয়া। নিজেদের মাঠে বৃহস্পতিবার রাতে ২-০ গোলে জেতা সেভিয়া ২৮ ম্যাচে ৫০ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছে। গত ১০ মার্চে সর্বশেষ লা লিগার ম্যাচ হয়েছিল। ৯৩ দিন পর পুনরায় শুরু হলো স্পেনের শীর্ষ লিগ। বার্সেলোনা হারিয়ে প্রায় হারানোর পর ম্যাচ শুরু আগে নীরবতা পালন করা হয়। নির্দেশনা অনুযায়ী ভাগ আউটে থাকা খেলোয়াড়, স্টাফদের দেখা গেছে মাস্ক ব্যবহার করতে। গোলাপশূন্য প্রথমার্ধে আক্রমণে আধিপত্য করলেও গোল পায়নি সেভিয়া। নির্দেশনা অনুযায়ী ভাগ আউটে থাকা খেলোয়াড়, স্টাফদের দেখা গেছে মাস্ক ব্যবহার করতে। গোলাপশূন্য প্রথমার্ধে আক্রমণে আধিপত্য করলেও গোল পায়নি সেভিয়া। নির্দেশনা অনুযায়ী ভাগ আউটে থাকা খেলোয়াড়, স্টাফদের দেখা গেছে মাস্ক ব্যবহার করতে।

## অক্টোবরে মাঠে ফিরছে এএফসি কাপ

২০২২ বিশ্বকাপ ও ২০২৩ এশিয়ান কাপের বাছাইয়ের দিনক্ষণ জানানোর পর এশিয়ান ফুটবল কনফেডারেশন এবার এএফসি কাপ-২০২০ মাঠে ফেরানোর কথা জানিয়েছে। আগামী অক্টোবরে শুরু হবে এশিয়ান ফুটবলের ক্লাব পর্যায়ের এই টুর্নামেন্ট। করোনাভাইরাসের প্রাদুর্ভাবের গত মার্চ থেকে স্থগিত এএফসি কাপ। এবারের আসরে বাংলাদেশের একমাত্র দল হিসেবে ঢিকে আছে বঙ্গবন্ধু বক্স। গত মার্চে 'ই গ্রুপে' নিজেদের প্রথম ম্যাচে মালদ্বীপের দল সিঙ্গাপোরকে ৫-১ গোলে উড়িয়ে দিয়েছিল বাংলাদেশের লিগ চ্যাম্পিয়নরা। গত ৫ জুন বিভিন্ন ফেডারেশনের সঙ্গে অনলাইন মিটিংয়ে বসেছিল এএফসি। তাদের বরাত দিয়ে শুক্রবার বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাবুফে) এএফসি কাপ শুরুর কথা জানিয়েছে। অক্টোবর ও নভেম্বরে হবে গ্রুপ পর্বের খেলা। ইন্টার জোনাল সেমি-ফাইনাল হবে ২৪-২৫ নভেম্বর। ইন্টার জোনাল



ফাইনাল ২ ডিসেম্বর এবং ফাইনাল হবে ১২ ডিসেম্বর। ম্যাচ শুরুর সময় ৩ ডেলা এনও জানানো হয়নি। করোনাভাইরাসের কারণে বদলে যাওয়া পরিস্থিতিতে নতুন করে 'ম্যাচ অপারেশন ম্যানুয়াল' তৈরির কথাও জানিয়েছে এএফসি। যে ম্যানুয়ালটি এএফসি চিকিৎসা বিশেষজ্ঞ ও ফিল্ড মনাজমের সমন্বয়ে প্রণয়ন করা হচ্ছে। জুলাইয়ে ত্র প্রকাশ করার আশায় আছে এশিয়ান ফুটবলের নিয়ন্ত্রক সংস্থাটি। ৫ জন বদলি খেলোয়াড় নামানোর নিয়ম

কার্যকর হবে অক্টোবর থেকে। পরিবর্তিত পরিস্থিতিতে দলগুলোকে নতুন করে নিজেদের গুছিয়ে নেওয়ার জন্য খেলোয়াড় নিবন্ধনের সুযোগও দেওয়া হবে। 'রেজিস্ট্রেশন উইন্ডো' খোলার তারিখ পরে জানাবে এএফসি। করোনাভাইরাসের কারণে বিভিন্ন দেশের লিগ বাতিল বা স্থগিত হলে যাওয়ায় পরের এএফসি কাপের দলগুলো নির্ধারণ নিয়ে সংশ্লিষ্ট ফেডারেশনকে লিখিতভাবে জানাতে বলেছে এএফসি।

## নেইমারের মানসিকতা আমার ছিল না

সম্ভাবনা ছিল খণ্ডিত। তাকে ঘিরে বাকিদের উচ্চাশাও ছিল অনেক। অনেকে তার মাঝে দেখেছিলেন আশ্রয় ইনিয়েস্তার ছায়া। কিন্তু হাজিরের পাশ্চাত্যের সজীবতার কুঁড়িকে শতদলে মেলতে দেখনি নিজেই! আর্জেন্টিনার এই আট্টাকিং মিডফিল্ডার জানান, সেটা হওয়ার মানসিকতা তার কখনই ছিল না। এই প্রসঙ্গে বলতে গিয়ে প্রশংসা করলেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড নেইমারের মানসিকতার ক্লাব ক্যারিয়ারে লম্বা একটা সময় ফ্রান্সের পিএসজিতে খেলার পর ২০১৮ সালে সেরি আর দল রোমায় পাড়ি জমান পাঙ্করে। ইতালিয়ান লিগের দলটির হয়ে এ পর্যন্ত খেলেতে পেরেছেন মাত্র ৩০ ম্যাচ। ২০০৯ সালে পালোমারো যোগ দেওয়ার পর ইতালির ফুটবলে পা পড়ে পাঙ্করের। এ দলটির হয়ে ৮২ ম্যাচে ১৬টি গোল করেন। অবদান রাখেন সতীর্থদের ১৬ গোলে। এরপর যোগ দেন লিগ ওয়ানের দল পিএসজিতে পিএসজির হয়ে খেলা মাত্র বছরে একজন খেলোয়াড় হিসেবে অনেক বেড়ে ওঠার কথা আর্জেন্টিনার টিওয়াইসি স্পোর্টসকে জানিয়েছেন ৩০ বছর বয়সী এই আট্টাকিং মিডফিল্ডার। 'সেরা হওয়ার মানসিকতা আমার কখনই ছিল না। যখন শিশু ছিলাম, তখন যেমন আনন্দের জন্য ফুটবল খেলতাম এখনও তাই।'' (পিএসজিতে) আমি অনেকটা বেড়ে উঠেছিলাম। বিশ্বের নামকরা কয়েকজন খেলোয়াড়ের সঙ্গে খেলেছি। এই পর্যায়ের অনেক খেলোয়াড়ের সঙ্গে লকার রুম ভাগাভাগি করা এবং এমন একটি ক্লাবে সাত বছর থাকা দারুণ ছিল। পিএসজির তারক খেলোয়াড় নেইমারের মানসিকতা নিয়েও কথা বলেছেন পাঙ্করে। জানিয়েছেন, লিওনেল মেসি ও ক্রিস্তিয়ানো রোনালদোকে উপেক্ষা করে হওয়ার মানসিকতা আছে ব্রাজিলিয়ান ফরোয়ার্ডের। 'সে সেরা হতে চায় এবং তার সেরা হওয়ার সুযোগ আছে।

## অনূর্ধ্ব-১৯ থেকে পাকিস্তান জাতীয় দলে হায়দার



গত ফেব্রুয়ারিতে অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ খেলেছেন হায়দার আলি। ৬ মাস না যেতেই তিনি পৌঁছে গেলেন স্বপ্ন পূরণের নতুন ঠিকানা। ১৯ বছর বয়সী ব্যাটসম্যান জয়গা পেয়েছেন ইংল্যান্ড সফরের পাকিস্তান দলে টেস্ট ও টি-টোয়েন্টি মিলিয়ে শুক্রবার ২৯ জনের স্কোয়াড ঘোষণা করেছে পাকিস্তান। তরুণ হায়দারের পাশাপাশি আরেকটি চমক, ৩৬ বছর বয়সী পেসার সোহেল খানের ফেরা সিরিজের আনুষ্ঠানিক সূচি না দেওয়া হলেও দল ঘোষণার পর আর বলায় অপেক্ষা রাখে না, সফরটি হাট্টে নিশ্চিতভাবেই। তিন টেস্ট ও তিন টি-টোয়েন্টির সিরিজটি হওয়ার কথা অগাস্ট-সেপ্টেম্বরে। তবে নির্দিষ্ট সময় কোয়ারেন্টিনে থাকতে ও পর্যাপ্ত প্রস্তুতি নিতে পাকিস্তান দল ইংল্যান্ডে যাবে এ মাসের শেষ দিকেই। প্রধান কোচ মিসবাহ-উল-হক জানিয়েছেন, ভবিষ্যতে দৃষ্টি রেখে দলে নেওয়া হয়েছে হায়দারকে। যুব বিশ্বকাপে ভারতের বিপক্ষে একটি ফিফটি ছাড়া তেমন কিছু করতে পারেননি তিনি। তবে আলোচনায় উঠে আসেন বিশ্বকাপের পর পাকিস্তান সুপার লিগের পারফরম্যান্সে। ওই টুর্নামেন্টে ৯ ম্যাচে ২৩৯ রান করেন ১৫৮.২৭ স্ট্রাইক রেটে হায়দার ছাড়া অন্তর্ভুক্তি ম্যাচ খেলার

অভিজ্ঞতা নেই এই স্কোয়াডে কেবল আর একজনের, স্পিনিং অলরাউন্ডার কাশিফ আফ্রি। তবে তিনি টিক নতুন মুখ নন। আর্জেন্টিনা ও শ্রীলঙ্কার বিপক্ষে সর্বশেষ দুটি সিরিজের দলেও ছিলেন ৩৬ বছর বয়সী ক্রিকেটার, শুধু পাননি ম্যাচ খেলার দলে ফেরা পেসার সোহেল পাকিস্তানের হয়ে খেলেছেন ৯ টেস্ট ও ৫ টি-টোয়েন্টি। সর্বশেষ আন্তর্জাতিক ক্রিকেটে খেলেছেন প্রায় তিন বছর আগে। এবার ঘরোয়া প্রথম শ্রেণির টুর্নামেন্টে যে খুব ভালো পারফর্ম করেছেন, সেটির প্রমাণ নেই পরিসংখ্যানে। ৯ ম্যাচে উইকেট নিয়েছেন ২২টি। তবে মিসবাহ বলছেন, 'আগের চেয়ে অনেক উন্নতি হয়েছে সোহেলের বোলিংয়ে, যেটির প্রতিফলন ততটা পাননি পরিসংখ্যানে।'' সর্বশেষ সিরিজে দলে ডাক পেলেও খেলার সুযোগ না পাওয়া ফাওয়াদ আলম টিকে গেছেন এই সিরিজেও। ৩৪ বছর বয়সী ব্যাটসম্যান সর্বশেষ টেস্ট খেলেছেন ২০০৯ সালে, সর্বশেষ টি-টোয়েন্টি ২০১০ সালে দক্ষের থেকে আগেই নিজেদের নাম প্রত্যাহার করে নিয়েছেন পেসার মোহাম্মদ আমির ও ব্যাটসম্যান হারিস সোহেল। চোটের কারণে নেই পেসার হাসান আলি। আমিরের মতোই টেস্ট থেকে বিরতিতে

যাওয়া পেসার ওয়াহাব রিয়াজ এখন দলে চার জনের একটি রিজার্ভ তালিকাও দেওয়া হয়েছে। আগামী ২০ ও ২৫ জুন সফরপূর্ব কোভিড-১৯ পরীক্ষা করানো হবে দলের সবার। মূল স্কোয়াডের কেউ পরীক্ষায় উত্তরাত না পারলে বদলী দেওয়া হবে রিজার্ভ থেকে ইংল্যান্ডে গিয়ে দুই সপ্তাহ কোয়ারেন্টিনে থাকতে হবে পাকিস্তান দলকে। এরপর তারা নেবে প্রস্তুতি। এজন্যই মূল সিরিজ শুরু প্রায় ৫ সপ্তাহ আগেই দল রওনা হবে ইংল্যান্ডে। তাদের প্রথম টিকানা হতে পারে বার্মিংহাম। পাকিস্তানের আগেই আগামী মাসে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টেস্ট সিরিজ খেলবে ইংল্যান্ড। সিরিজগুলি আলিজন করা 'জীবাণুমুক্ত' পরিবেশে ও দর্শকশূন্য মাঠে। পাকিস্তান দল: আজহার আলি (টেস্ট অধিনায়ক), বাবর আজম (টেস্ট সহ-অধিনায়ক, টি-টোয়েন্টি অধিনায়ক), আবিদ আলি, ফখর জামান, ইমাম-উল-হক, শান মাসুদ, আসাদ শমিক, ফায়োজ আলম, হায়দার আলি, ইফতিখার আহমেদ, মুশাদ্দিস শাহ, মোহাম্মদ হাফিজ, শোয়েব মালিক, সর্বফরাজ আহমেদ, মোহাম্মদ রিজওয়ান, যুহুইম আশরাফ, হারিস রুফ, ইমরান খান, মোহাম্মদ আব্বাস, মোহাম্মদ হাসানইন, নাসিম শাহ, শাহিন শাহ অগ্রিদি, সোহেল খান, উসমান খান শিনওয়ারি, ওয়াহাব রিয়াজ, ইমাদ ওয়াসিম, কাশিফ আফ্রি, শাদাব খান, ইয়াসির শাহ।

## মেসি-রোনালদোর ওপর 'স্কুন্ধ' ইনজার্সি

একটা সময় ওপরের দিকে ছিল নাম। কিন্তু ক্রিস্তিয়ানো রোনালদো আর লিওনেল মেসির দাপটে রেকর্ডের পাতায় পেছনে চলে যেতে হয়েছে ফিলিপ্পো ইনজার্সিকে। এ নিয়ে মজা করেই ইতালির এই বিশ্বকাপজয়ী তারকা জানিয়েছেন সময়ের সেরা দুই খেলোয়াড়ের ওপর 'স্কুন্ধ' হওয়ার কথা ইনজার্সি অবসরে গেছেন ২০১২ সালে। ছিলেন ইতালির ২০০৬ বিশ্বকাপজয়ী দলের সদস্য। পার্মা, ইউভেস্তাস ও ইন্টার মিলানের হয়ে খেলা এই সাবেক তারকা চ্যাম্পিয়ন লিগ জিতেছেন দুইবার। ইউরোপিয়ান ক্লাব প্রতিযোগিতায় সর্বোচ্চ গোলদাতার তালিকায় রোনালদো (১৭৭ ম্যাচে ১৩১), মেসি (১৪৫ ম্যাচে ১১৭) ও রাউল গনসালসের (৭৭) পরেই রয়েছে তার (১১৫ ম্যাচে ৭০) নাম। ৪৬



বছর বয়সী ইনজার্সি বর্তমানে সেরি বি লিগের দল বেনেভেন্টোর কোচের দায়িত্ব পালন করছেন। মেসি-রোনালদো যে হারে গোল করে চলেছেন তাতে ইনজার্সির মনে হচ্ছে, রাউল ও তিনি ইউরোপিয়ান প্রতিযোগিতায় গোল করেছেন খুবই সামান্যই। ইতালির গ্যাঞ্জেল দেল্লো স্পোর্টসকে দেওয়া সাক্ষাৎকারে দুই তারকার প্রতি

নিজের মুগ্ধতার কথা জানান। ড্রেসিংরুমে আমি সবসময় তাকে (রোনালদো) উদাহরণ হিসেবে ব্যবহার করি। এর কারণ হচ্ছে, আমি জানি সে কিভাবে অনুশীলন করে।'' 'তবে তার ও মেসির প্রতি আমি কিছুটা স্কুন্ধ। তাদেরকে ধন্যবাদদায়ক দেখে মনে হয় রাউল এবং আমি ইউরোপিয়ান কাপে খুবই কম সংখ্যক গোল করেছি।''

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

# উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন  
নতুন ধারায়

## রেণুবো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন  
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১  
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪  
ই-মেল : rainbowprintingworks@gmail.com

---

**SHORT NOTICE INVITING QUOTATION**  
On behalf of the Governor of Tripura rate quotation are invited in sealed envelope from the any Indian citizens may be individual / entrepreneurs /Co-Operative body having experience in the sector & deal with the below noted items.

Sl. No.	Item of Materials/work	Specification	Approx work	Earnest money	Remarks
1	2	3	4	5	6
1	Sign-board @ Rs. 2000/- No. for Horti. Plantation programme under MGNREGA during the year 2020-21.	Preparation & erection of sign-board (3ft. X2 ft. size metal plate fitted with iron frame. 2 post are embedded in ground with concrete & cement).	79 Nos.	Rs. 1580	Rate to be quoted including transportation cost with fitting & fixing near work site & will be effective 1 year

For details information please contact O/o the Supdt. of Agriculture, Panisagar North Tripura. ICA/C-1468/2020-21  
Supdt. of Agriculture  
Panisagar Agri. Sub-Division  
Panisagar, North Tripura

### তেলেঙ্গানায় করোনায় মৃত্যু বেড়ে ৭৮৮, সুস্থ হয়েছেন ৮৬,০৯৫ জন

হায়দরাবাদ, ২৭ আগস্ট (হি.স.): তেলেঙ্গানার করোনা-পরিস্থিতি প্রতিদিনই ভাবিয়ে তুলেছে। তেলেঙ্গানায় নতুন করে কোভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়েছেন ২,৭৯৫ জন এবং মৃত্যু হয়েছে আরও ৮ জনের। বিগত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৮৭২ জন। ফলে তেলেঙ্গানায় কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা বেড়ে হল, যথাক্রমে -১,১৪,৪৮৩ এবং ৭৮৮।

বৃহস্পতিবার সকালে তেলেঙ্গানা সরকারের স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, তেলেঙ্গানায় নতুন করে কোভিড-১৯ ভাইরাসে সংক্রমিত হয়েছেন ২,৭৯৫ জন এবং মৃত্যু হয়েছে আরও ৮ জনের। রাজ্যজুড়ে ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ৮৬,০৯৫ জন। বৃহস্পতিবার রাত আটটা পর্যন্ত সক্রিয় করোনা রোগীর সংখ্যা ২৭,৬০০ জন।

### এখনও গভীর কোমায় প্রণব মুখোপাধ্যায়, ভেন্টিলেটর সাপোর্টেই রয়েছেন

নয়াদিল্লি, ২৭ আগস্ট (হি.স.): বহুদিন হয়ে গেল, প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের শারীরিক অবস্থায় এখনও কোনও পরিবর্তনই নেই। কোমায় প্রাক্তন রাষ্ট্রপতি এখনও ভেন্টিলেটর সাপোর্টেই রয়েছেন। এরইমধ্যে ফুসফুস সংক্রমণ ও রেনাল ডিসফাংশন চিকিৎসা চলছে। বৃহস্পতিবার সকালে দিল্লি ক্যান্টনমেন্টের আর্মি রিসার্চ এন্ড রেফারেল হাসপাতালে পক্ষ থেকে মেডিক্যাল বুলেটিনে জানানো হয়েছে, প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় গভীর কোমায় রয়েছেন এবং ভেন্টিলেটর সাপোর্টে রয়েছেন। ফুসফুস সংক্রমণ ও রেনাল ডিসফাংশন চিকিৎসা চলছে। তবে প্রণববাবুর রক্তচাপ এবং হৃদস্পন্দন স্থিতিশীল (যাকে চিকিৎসা পরিভাষায় হিমেডিনামিক বলে) রয়েছে।

গত ৯ আগস্ট রাজ্যি মার্গের বাসভবনের শৌচাগারে পড়ে গিয়ে মাথায় আঘাত পান প্রাক্তন রাষ্ট্রপতি। তাঁর মস্তিষ্কে রক্ত জমাট বেঁধে যায়। ১০ আগস্ট তাঁকে নয়াদিল্লির সেনা হাসপাতালে ভর্তি করােন। সে সময় অস্ত্রোপচার করে জমাট বাঁধা রক্ত বার করে দেওয়া হয়। ওই অস্ত্রোপচারের আগে নিয়মমাফিক শারীরিক পরীক্ষার সময় প্রণববাবুর করোনা-আক্রান্ত হওয়ার বিষয়টিও জানা যায়। এর পর থেকে সেনা হাসপাতালেই রয়েছেন তিনি। অস্ত্রোপচারের পর থেকেই গভীর কোমায় আছেন প্রণববাবু। তখন থেকেই তাঁকে ভেন্টিলেটর সাপোর্টে রাখা হয়েছে।

### ২৪ ঘণ্টায় ভারতে ৯,২৪ লক্ষেরও বেশি করোনা-নমুনা পরীক্ষা

: আইসিএমআর  
নয়াদিল্লি, ২৭ আগস্ট (হি.স.): ভারতে কোভিড-১৯ নমুনা পরীক্ষা প্রতিদিনই একের পর এক রেকর্ড গড়েই চলেছে। দ্রুত বাড়ছে নমুনা পরীক্ষা, ভারতে বৃহস্পতিবার সারা দিনে ৯,২৪,৯৯৮টি স্যাম্পেল টেস্ট করা হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, শুধুমাত্র ২৬ আগস্ট ৯,২৪,৯৯৮টি স্যাম্পেল টেস্ট করা হয়েছে।



বীরজিং সিনহা ইস্যুতে বৃহস্পতিবার ওবিসি কংগ্রেসের কর্মকর্তারা পশ্চিম থানায় ডেপুটেশন প্রদান করেন। ছবি- নিজস্ব।

### বিশালগড়ে মহিলার রহস্যজনক মৃত্যু

নিজস্ব প্রতিনিধি, ঢড়িলা, ২৭ আগস্ট। একা থাকতেন, কারন সাংসারিক জীবনে কেউ ছিল না ওনার, তাই মধ্য লক্ষ্মীবিল এলাকার অমর মিত্রের বাড়িতে ভাড়া থাকতেন। প্রত্যেকদিনের ন্যায় বৃহস্পতিবার রাত্রে খাওয়া দাওয়া শেষে ঘুমতে যায় কিন্তু সেইরাতে যে ওনার জীবনের শেষ রাত্রি সেটা কিন্তু জানা ছিল না ওনার মৃত মহিলার নাম উষা রানী দেবনাথ。(৫১) স্বামী মৃত জীবন দেবনাথ, ঘটনার বিবরণে জানা যায় উষা রানী দেবনাথ ওনার স্বামী মারা যাওয়াতে দীর্ঘদিন যাবত একা থাকতেন বিশালগড় সংলগ্ন মধ্য লক্ষ্মীবিল এলাকার অমর মিত্রের বাড়িতে ভাড়া থাকতেন কিন্তু বৃহস্পতিবার রাত্রে খাওয়া দাওয়া শেষে ঘুমতে যায় এবং পরের দিন অর্থাৎ বৃহস্পতিবার সকালে প্রতিবেশীরা এবং ভাড়া বাড়ির লোকেরা ওনাকে না দেখতে পেয়ে ওনার ঘরের বাইরে থেকে ভাকতে শুরু করে কিন্তু ভেতর থেকে কোন আওয়াজ দিচ্ছে না দেখে দরজা ভেঙে ঘরে ঢুকলে দেখতে পায় মহিলা শুয়ে আছে কিন্তু না ফিরার দেশে তখন স্থানীয়রা বিশালগড় থানায় খবর দেয় খবর পেয়ে বিশালগড় থানার পুলিশ সেখানে গিয়ে দেখেচি বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে আসে। স্থানীয়রা কয়েকজন জানিয়েছেন মহিলা দীর্ঘদিন যাবত প্রেসার ও শ্বাসকষ্টজনিত রোগে আক্রান্ত এবং সবসময়ই ওনি এইসবের ঔষধ খেতেন। তাই প্রাথমিক ভাবে সকলেই বলাহে হয়তো ঘুমের মাগেই প্রেসার ও শ্বাসকষ্টের কারণে মহিলার মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের পর আসল রহস্য উন্মোচন হবে বলে জানিয়েছেন থানার পুলিশ।

### প্রতাপগড়ে বাড়িতে দুষ্কৃতিদের হামলা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ আগস্ট। রাজধানী আগরতলা শহর সংলগ্ন পশ্চিম প্রতাপগড় প্রান্তর সরকারের বাড়িতে দুষ্কৃতীরা হামলা ও ভাঙচুর চালিয়েছে। তুষ্কের দুষ্কৃতিকারীদের হামলার হাত থেকে রক্ষা পাননি বছরের বৃদ্ধাও। দুষ্কৃতীদের হামলায় আহত বৃদ্ধাকে আইজিএম হাসপাতালে নিয়ে যাওয়া হয় সেখান থেকে তাকে থানায় স্থিত ত্রিপুরা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে পশ্চিম প্রতাপগড় এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাড় করাছে। এ ব্যাপারে অরক্ষিত নগর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনো পর্যন্ত এ ঘটনায় জড়িত কাউকে আটক করতে সক্ষম হয়নি পুলিশ। ঘটনার বিবরণে জানা যায় বৃহস্পতিবার রাত্রে একদল দুষ্কৃতী পশ্চিম প্রতাপগড় এর প্রান্তর সরকারের বাড়িতে হানা দেয়। প্রানতোষ সরকারের বাবা রেশন ডিলার। প্রানতোষ তার বাবার সঙ্গে রেশন শাপে কাজ করে বিগত বিধানসভা নির্বাচনের আগে প্রানতোষ এর বাবা তৎকালীন শাসকদল সিপিআইএমের সমর্থক ছিলেন তবে সরকার বদল এরপর তারা আর কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পর্ক রাখেন নি। বৃহস্পতিবার রাত্রে কুড়ি-পঁচিশ দুষ্কৃতিকারী তাদের বাড়িতে চড়াও হয় সিপিএম এর সঙ্গে কোনো ধরনের সম্পর্ক রাখা থাকে না বলে ঈশয়ারি দিয়েছে। তারা প্রান্তর সরকারের একটি বাইক চাফে চুরমার করে দিয়েছে। এছাড়া ঘরে ঢুকে বিভিন্ন আসবাবপত্র ভেঙ্গে চুরমার করেছে রাজধানী আগরতলা শহর সংলগ্ন এলাকায় দুর্ভবনের এ ধরনের আশফালনের ঘটনায় তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অভিযোগের তীর উঠেছে শাসকদলের বিরুদ্ধে। অবিলম্বে অভিযুক্তদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে স্থানীয় জনগণের পক্ষ থেকে জোরালো দাবি জানানো হয়েছে।

### মুন্সিয়াকামীতে শিক্ষকের মৃতদেহ উদ্ধার

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৭ আগস্ট। প্রাতঃভ্রমণ করতে গিয়ে ছরার পাশে মিলল এক শিক্ষকের মৃতদেহ। এটি কি স্বাভাবিক মৃত্যু নাকি এর পেছনে রয়েছে অন্য কোন রহস্য তদন্তে মুন্সিয়াকামী থানার পুলিশ। ঘটনা তেলিয়ামুড়া মহাকুমার মুন্সিয়াকামী থানায় উত্তর মহারানী পুর বাজার সংলগ্ন এলাকায়। ঘটনার বিবরণে জানা যায়, অন্যান্য দিনের মতো প্রাতঃভ্রমণে বেরিয়ে আর বাড়ি ফেরা হলো না এক শিক্ষকের। ওই শিক্ষকের নাম সুকুমার দেববর্মী, বয়স আনুমানিক প্রায় ৫০ বছর। যদিও পরিবার আত্মীয় সূত্রে জানা যায়, সুকুমার বাবু অসুস্থ ছিলেন না, তিনি আর পাঁচটা সাধারণ মানুষের মতোই স্বাভাবিক ছিলেন। তবে হঠাৎ করে সুকুমার দেববর্মীর এভাবে মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বর্তমানে সুকুমার দেববর্মীর মৃতদেহ ময়নাতদন্তের জন্য তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে আনা হয়েছে, ময়নাতদন্তের পরই বেরিয়ে আসবে আসল রহস্য।

### তেলিয়ামুড়া পুর পরিষদের আট নং ওয়ার্ডে রাস্তার বেহাল অবস্থা

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৭ আগস্ট। দীর্ঘদিন ধরেই তেলিয়ামুড়া পৌর পরিষদের অন্তর্গত আট নং ওয়ার্ডের ডিএম কলোনি যাওয়ার রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে আছে। নেই সারাইয়ের কোন উদ্যোগ স্থানীয় পুর্ন দপ্তরে। এলাকা থেকে দাবি উঠেছে অতিসত্বর রাস্তাটির মেরামত করা হোক। জানা যায় একদিকে পৌর পরিষদের আট নং ওয়ার্ড বিপরীত পাশে লক্ষ্মীপুর গ্রাম পঞ্চায়েত অপরদিকে একটু গেলিই একই রাস্তা ধরে যাওয়া যায় আরেকটি পঞ্চায়েতে। এই তিন পঞ্চায়েতের লোকেরদের নিতাদিনের আসা-যাওয়া কৃষকদের কৃষিজ ফসল বাজারজাত করা একই রাস্তা দিয়ে চলাচল করতে হচ্ছে। কিন্তু পরিতাপের বিষয় হলো পৌরপরিষদ এলাকার রাস্তার পাশে জন নিদ্রাস্থানের ব্যবস্থা থাকলেও অপরদিকে এই ব্যবস্থাপনার নেই। উপরন্তু পঞ্চায়েত এলাকার চারটি পুকুর ভেঙ্গে রাস্তায় চলে আসে। প্রতিদিনই ইট বুঝাই লোরি মাটির গাড়ি এই রাস্তা দিয়ে চলাচল করে। বর্তমানে রাস্তাটির অবস্থা খুবই করুণ। মাঝে মাঝে বিশাল আকার করতে জল পূর্ণ হয়ে আছে। একটি গাড়ি গেলে একজন পথচারী কে গাড়ির ঢাকার জলে ডুবে যেতে হয়। এমনই জানালেন এলাকার এক নাগরিক। তিনি বলেন বৃষ্টি হলেই ড্রেন পূর্ণ হয়ে মাঝ রাস্তা দিয়ে জল যায়গা শুরু হয়। যে কারণে আজ রাস্তার এই অবস্থা। তিনিও অতি দ্রুত রাস্তাটি সারাইয়ের উদ্যোগ নিতে দপ্তরকে আহ্বান জানান।

### শিশুদের টিকাকরণ নিয়ে অসন্তোষ তেলিয়ামুড়ায়

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৭ আগস্ট। এমনিতেই মহামারী করুণায় রাজ্যজুড়ে স্বাস্থ্য কেন্দ্রগুলো নাজেহাল অবস্থায়। অপরদিকে স্বাস্থ্য দপ্তরের আশা কর্মীরা একই দপ্তরের এম পি ডব্লিউ বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দিলেন। নিজ মর্জি মারফিক কাজ, অসময়ে দপ্তরে আশা এবং শিশুদের টিকাকরণ এ অনভিজ্ঞ এই মহিলা এমপি ডাবলুর বিরুদ্ধে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে আশা কর্মীরা একজোট হয়ে সাংবাদিক ডেকে উড়িয়া এম পি ডব্লিউ এর বিরুদ্ধে কথা বলে। জানা যায় ওই এম পি ডব্লিউ এর নাম উমা দেবনাথ। প্রতি সপ্তাহে বৃহস্পতি ও শনিবার হাসপাতালের এম পি এচ ক্লিনিকে শিশুদের টিকা করা হয় সকাল ৯টা থেকে সাড়ে তিনটে পর্যন্ত। সেখানেও নাকি এই এম পি ডব্লিউ মহিলা ছোট ছোট শিশুদের খণ্ডার পর খণ্ডা বসিয়ে রাখেন এবং নিজের দেরি করে আসে বলে অভিযোগ করে আশা কর্মীরা। আশা কর্মীরা আরো অভিযোগ করে বলেন গত সপ্তাহে একটি শিশুকে একই সাথে তিনটি টিকাকরণ করার কথা থাকলেও উনি মাত্র একটি টিকা দিয়ে ছেড়ে দেন শিশুটিকে। তিনি এতই অনভিজ্ঞ যে এ ব্যাপারে উনাকে জিজ্ঞাস করা হলেও কোন দুটো টিকা বাকি আছে আশা কর্মীরা দেওয়া হয়েছে সেটাও বলতে পারছেন না বলে অভিযোগ করে আসা কর্মীরা। পরবর্তী সময়ে আশা কর্মীরা সাংবাদিকদের সামনে দফায় দফায় বসেন যদি ইনি নিজ কর্তব্য পালন না করতে পারেন তবে ওই জায়গায় উনার পরিবর্তে কোন এক অভিজ্ঞ এম পি ডব্লিউ বসানো হোক, যাতে করে ছোট শিশুদের টিকা দিতে এসে হয়রানী না হতে হয় টিকা দিতে আসা শিশুর মা সহ পরিবারের লোকজনদের। এ ব্যাপারে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে এম পি ডব্লিউ উমা দেবনাথকে সাংবাদিকরা প্রশ্ন জিজ্ঞেস করলে অনেক কিছুই বলতে নারাজ সাংবাদিকদের ক্যামেরার সামনে। তিনি বার বার বলছেন সাংবাদিকরা হাসপাতাল কর্তৃপক্ষ থেকে অনুমতি নিয়ে এসে যেন উনার সাথে কথা বলে।

### কুমারঘাট বাজার তিনদিন বন্ধ রাখার সিদ্ধান্ত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ আগস্ট। করোনা ভাইরাস সংক্রমণের বাস্তবভূতে রীতিমতো আতঙ্কিত কুমারঘাট এবং পালিয়া চৌড়া বাজারের ব্যবসায়ীরা করুণা মুকাবেলায় কুমারঘাট মার্চেন্ট এসোসিয়েশন ও পালিয়া ছড়া বাজার কমিটি যৌথ উদ্যোগে আগামী তিনদিন বাজার বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। পাঁচটি ছড়া এলাকায় গত কয়েকদিন ধরে আসেনা আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে চলেছে বাজারে যেসব লোকজন আসেন তারা সামাজিক দূরত্ব বজায় রাখছেন না এমনকি অনেকে মাস্ক ব্যবহার করছেন না। তাতে ক্রেতাদের যেমন স্বাস্থ্য নিরাপত্তা প্রশ্নের ছয়ের পাঁচায় দেখুন

### আজ থেকে শুরু অনির্দিষ্টকালের ধর্মঘট উত্তরপূর্ব এলপিজি পরিবহণ সংস্থার

গুয়াহাটি, ২৭ আগস্ট (হি.স.): আজ বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দিয়েছে উত্তরপূর্ব এলপিজি পরিবহণ সংস্থা। তাদের এই ধর্মঘটের ডাক দেওয়ায় অসম তথা গোটা উত্তর-পূর্বাঞ্চলে রামার গ্যাসের তীব্র সংকট দেখা দেওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন স্থানীয় বিরোধী নীতি গ্রহণ করায় প্রতিবাদে নর্থ-ইস্ট এলপিজি ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন এই সিদ্ধান্ত নিয়েছে।

অনির্দিষ্টকালের ধর্মঘটে অসমের মির্জা, উত্তর গুয়াহাটি, বঙাইগাঁও, তিনসুকিয়া, দুলািয়াজান, গোপানারী, শেকমাই, শিলচরের বড়খলা, নাগাল্যান্ডের ডিমাপুর এবং ত্রিপুরায় ও রামার গ্যাস সিলিন্ডার বটলিং প্রকল্পগুলো বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। স্থানীয় স্বার্থবিরোধী নীতি প্রত্যাহার না করা পর্যন্ত সংস্থা ধর্মঘট অব্যাহত রাখবে বলে জানিয়ে দেওয়া হয়েছে। এছাড়া অন্য কাউকে তারা গ্যাস সরবরাহ করতেও দেবে হলে স্থানীয় পরিবহণ ব্যবসায়ীরা লোকসানের সম্মুখীন হবেন। এছাড়া আইওসি-র টেন্ডার আহ্বানকারী কার্যালয় গুয়াহাটি থেকে কলকাতায় নিয়ে যাওয়ার তোড়জোড় চালানো হচ্ছে। আইওসি-র সব সিদ্ধান্তের বিরুদ্ধাচরণ করে রামার গ্যাস ট্যাংকার তথা সিলিন্ডার সরবরাহ বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়ে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দিয়েছে সংস্থা।

### ন্যাশনাল টিউবারকিউলসিস এলিমিনেশন প্রোগ্রামে শ্রেষ্ঠ ত্রিপুরা

আগরতলা, ২৭ আগস্ট (হি.স.)। ত্রিপুরায় স্বাস্থ্য ক্ষেত্রে কিছু উল্লেখযোগ্য পরিবর্তনের বিষয়ে তথ্য তুলে ধরেছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার জেন। একাধিক টুইট বার্তায় তিনি সাফল্যের দাবি করেছেন। মুখ্যমন্ত্রী জানান, ন্যাশনাল টিউবারকিউলসিস এলিমিনেশন প্রোগ্রামে ত্রিপুরা শ্রেষ্ঠ স্থান পেয়েছে। এছাড়া অন্যান্য বিষয়েও বিস্তারিত তথ্য তুলে ধরেছেন তিনি। মুখ্যমন্ত্রী জানান, জাতীয় ডায়ালাইসিস প্রোগ্রামের মাধ্যমে ত্রিপুরায় বিভিন্ন জেলা হাসপাতালগুলিতে বিনামূল্যে ডায়ালাইসিস পরিষেবা চালু করা হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস প্রোগ্রামে আইজিএম হাসপাতাল, গোমতি জেলা হাসপাতাল, উত্তর ত্রিপুরা জেলা হাসপাতাল, দক্ষিণ ত্রিপুরা জেলা হাসপাতাল ও ধলাই জেলা হাসপাতালে বিনামূল্যে ডায়ালাইসিস করার ব্যবস্থা চালু হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে ১৭,৩৬৩টি এবং ২০২০-২১ অর্থবছরের জুন পর্যন্ত ৪,১৮২টি ডায়ালাইসিস সেশন সম্পন্ন হয়েছে। তাঁর আরও দাবি, আগরতলায় একটি রিজিওনাল ইনস্টিটিউট অব অ্যুর্বেদ ও খুমলুঙে একটি রিজিওনাল ইনস্টিটিউট অব হোমিওপ্যাথি চালু করা হয়েছে। তাছাড়া, আগরতলায় স্টেট অ্যুর্বেদিক হাসপাতাল, কেশবহরের ইন্টিগ্রেটেড অ্যুর্ষ হাসপাতাল, বিলোনিয়া মহকুমা হাসপাতাল ও ত্রিপুরাসুন্দরী মহকুমা হাসপাতালে পঞ্চকর্ম বিভাগ চালু হয়েছে। এদিন তিনি জানান, ন্যাশনাল টিউবারকিউলসিস এলিমিনেশন প্রোগ্রামে দেশের উত্তর-পূর্বাঞ্চলের ৫০ লক্ষের কম জনসংখ্যার রাজ্যগুলির মধ্যে ত্রিপুরা শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছে। সাথে তিনি যোগ করেন, ত্রিপুরায় ৮টি সেন্টারের উন্নীত করা হয়েছে। তাছাড়া, কমিউনিটি লেভেলে ৯২টি মহিলা আরোগ্য সমিতি ও ৫৫১টি আশা পরিষেবা চালু রয়েছে। শুধু তা-ই নয়, ২০১৯-২০ অর্থবছরে রাজ্যের ৫০টি হাসপাতালকে উন্নতমানের পরিষেবা প্রদান করা হেতু এবং পরিদ্রার পরিচ্ছন্নতার জন্য কায়কল্প পুরস্কার দেওয়া হয়েছে।

অনির্দিষ্টকালের ধর্মঘটে অসমের মির্জা, উত্তর গুয়াহাটি, বঙাইগাঁও, তিনসুকিয়া, দুলািয়াজান, গোপানারী, শেকমাই, শিলচরের বড়খলা, নাগাল্যান্ডের ডিমাপুর এবং ত্রিপুরায় ও রামার গ্যাস সিলিন্ডার বটলিং প্রকল্পগুলো বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। স্থানীয় স্বার্থবিরোধী নীতি প্রত্যাহার না করা পর্যন্ত সংস্থা ধর্মঘট অব্যাহত রাখবে বলে জানিয়ে দেওয়া হয়েছে। এছাড়া অন্য কাউকে তারা গ্যাস সরবরাহ করতেও দেবে হলে স্থানীয় পরিবহণ ব্যবসায়ীরা লোকসানের সম্মুখীন হবেন। এছাড়া আইওসি-র টেন্ডার আহ্বানকারী কার্যালয় গুয়াহাটি থেকে কলকাতায় নিয়ে যাওয়ার তোড়জোড় চালানো হচ্ছে। আইওসি-র সব সিদ্ধান্তের বিরুদ্ধাচরণ করে রামার গ্যাস ট্যাংকার তথা সিলিন্ডার সরবরাহ বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়ে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দিয়েছে সংস্থা।

### সুপ্রিম কোর্টের রায় মেনে চাকুরীর দাবী জানাল ১০৩২৩

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ আগস্ট। সুপ্রিম কোর্টের রায় মেনে ১০৩২৩ শিক্ষকদের অবিলম্বে চাকুরীতে নিয়েগের জোরালো দাবি জানিয়েছে চাকরিচ্যুত শিক্ষক সংগঠন। বৃহস্পতিবার আগরতলা প্রেস ক্লাব সংলগ্ন এলাকায় সাংবাদিক সম্মেলনে তারা এ দাবি জানান। চাকরিচ্যুত শিক্ষক সংগঠনের পক্ষ থেকে বলা হয় প্রায় একমাস আগে সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্য সরকার কে বলেছে চাকুরীচ্যুতদের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করার জন্য। রাজ্য সরকার এতদিন চাকুরি ছেঁটদের বলে আসছিল সুপ্রিমকোর্টের নির্দেশের অপেক্ষায় রয়েছে সরকার কিন্তু সুপ্রিম কোর্টের নির্দেশ পাওয়ার পরও রাজ্য সরকার পা করছে তাদের বিকল্প ভাবে নিয়োগের কোনো উদ্যোগ গ্রহণ করছে না। তাতে চাকরিচ্যুত শিক্ষকদের মধ্যে তীব্র অসন্তোষ এর সৃষ্টি হয়েছে। ইতিমধ্যে তাদের ক্ষোভ ও অসন্তোষ এর বিহিংপ্রকাশ করতে শুরু করেছে বৃহস্পতিবার প্রকাশ্যে সাংবাদিক সম্মেলনে তারা ঈশয়ারি দিয়েছে অবিলম্বে রাজ্য সরকার তাদের চাকরিতে নিযুক্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ না করলে তারা বাধ্য হয়ে বিকল্প আন্দোলনের পথে নামতে শুরু করবে রাজ্য সরকার তাদের বিষয়টি মানবতা দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে অবিলম্বে নিয়োগের ব্যবস্থা করবে বলে তারা আশা ব্যক্ত করেছেন।

### কংগ্রেসের ওবিসি সেলের থানার ঘেরাও

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ আগস্ট। কংগ্রেসের প্রাক্তন প্রদেশ সচিব গির্জা সিনহার ২ বছর ৬ মাসের কারাদণ্ডের বিরুদ্ধে বৃহস্পতিবার প্রকাশ্যে সাংবাদিক সম্মেলনে তারা ঈশয়ারি দিয়েছে অবিলম্বে রাজ্য সরকার তাদের চাকরিতে নিযুক্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ না করলে তারা বাধ্য হয়ে বিকল্প আন্দোলনের পথে নামতে শুরু করবে রাজ্য সরকার তাদের বিষয়টি মানবতা দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে অবিলম্বে নিয়োগের ব্যবস্থা করবে বলে তারা আশা ব্যক্ত করেছেন।

### গাড়ির থাকায় দুই বাইসাইকেল আরও জখম

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৭ আগস্ট। মোহনপুরের বিজয়নগরে একটি দ্রুতগামী গাড়ির থাকায় ২ বাইসাইকেল আরোহী গুরুতরভাবে আহত হয়েছেন। ঘটনা বৃহস্পতিবার রাত ১১ টা নাগাদ ঘটনার বিবরণে জানা যায় প্রানের সরকার এবং মিটন দেব নামে ছয়র পাড়ায় দেখুন

৩৩ লক্ষ ছাড়াল করোনা-সংক্রমণ, ভারতে  
মৃত্যু বেড়ে ৬০,৪৭২ : স্বাস্থ্য মন্ত্রক

নয়াদিল্লি, ২৭ আগস্ট (হি.স.): সময় যত যাচ্ছে পরিস্থিতি ততই ধরাছোঁয়ার বাইরে চলে যাচ্ছে। আগুনের গতিতে বাড়তে বাড়তে ভারতে ৩৩ লক্ষের গণি ছাড়িয়ে গেল কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণ। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্তের সংখ্যা ৩৩,১০,২৩৫-এ পৌঁছে গেল। ভারতে বিগত ২৪ ঘণ্টায় (বৃহস্পতিবার সারাদিনে) নতুন করে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়ে ১,০২৪ জনের মৃত্যু হয়েছে। শেষ ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে সংক্রমিত হয়েছেন ৭৫,৭৬০ জন। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৬০,৪৭২ জন এবং মোট সংক্রমিত ৩৩,১০,২৩৫ জন। এখনও পর্যন্ত করোনা-মৃত হয়েছেন ২৫,২৩,৭৭২ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রিপোর্ট অনুযায়ী, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে সক্রিয় করোনা রোগীর

সংখ্যা ৭ লক্ষ ২৫ হাজার ৯৯১। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক বুলেটিনে জানিয়েছে, ৬০,৪৭২ জনের মধ্যে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ৪১ জনের মৃত্যু হয়েছে, অন্ধ্রপ্রদেশ ৩,৫৪১ জনের মৃত্যু হয়েছে, অরুণাচল প্রদেশে ৫ জন, উত্তরপ্রদেশ ২৭৪ জন, বিহারে ৫৩০ জনের, চণ্ডীগড়ে ৪১ জন, ছত্তিশগড়ে ২৩১ জন, দাদর ও নগর হাভেলি এবং দমন ও দিউতে দু'জনের মৃত্যু হয়েছে, দিল্লিতে মৃত্যু হয়েছে ৪,৩৪৭ জনের, গোয়া ১৬৫ জন, গুজরাটে ২,৯৪৫ জনের, হরিয়ানাতে ৬৩৪ জনের, হিমাচাল প্রদেশে ৩২ জনের, জম্মু-কাশ্মীরে ৬৫৭ জনের, ঝাড়খণ্ডে ৩৬২ জনের, কর্ণাটকে ৫,০৯১ জন প্রাণ হারিয়েছেন, কেেরলে ২৫৭ জন, লাদাখে ২৫ জন, মধ্যপ্রদেশে ১,২৮২ জন, মহারাষ্ট্রে ২,০৮৯ জনের মৃত্যু হয়েছে, মণিপুরে ২৫ জন, মেঘালয়ে ৪ জন, নাগাল্যান্ডে ৯ জন, ওড়িশায় ৪৪১ জনের, পুর্নচেরীতে

১৮০ জন, পঞ্জাবে ১,২১৯ জন, রাজস্থানে ৯৯২ জনের, সিকিমে ৩ জন, তামিলনাড়ুতে ৬,৩৮৯ জন, তেলেঙ্গানায় ৭৮৮ জন, ত্রিপুরায় ৮৫ জন, উত্তরাখণ্ডে ২১৯ জন, উত্তর প্রদেশে ৩,১৪৯ জন এবং পশ্চিমবঙ্গে ২, ৯৬৫ জন প্রাণ হারিয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক বুলেটিনে জানিয়েছে, ভারতে এই মুহূর্তে মৃত্যু হয়েছে ১.৮৩ শতাংশ মানুষের, সুস্থ হয়েছেন ৭৬.২৪ শতাংশ মানুষ এবং চিকিৎসাধীন ২.১৯ শতাংশ মানুষ। ভারতে নিতাদিন লাক্ষিগে লাক্ষিগে বেড়েই চলেছে কোভিড-১৯ নমুনা পরীক্ষা। ২৬ আগস্ট পর্যন্ত ভারতে মোট ৩,৮৫,৭৬,৫১০টি নমুনা পরীক্ষা করা হয়েছে। বৃহস্পতিবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, শুধুমাত্র ২৬ আগস্ট সারাদিনে ৯,২৪, ৯৯৮টি স্যাম্পেল টেস্ট করা হয়েছে।